# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

বাংলাদেশ বেতার

Maagh 03, 1430 Bangla, January 17, 2024, Wednesday, No. 17, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina says the 12th Parliament election has been very competitive. BNP didn't participate in the election for fear of losing. Their plot is not over yet. Efforts to cancel the election are still going on. (R. Today: 15)

AL GS Obaidul Quader says, BNP claimed that the people did not respond to the election, but people did not pay heed to them. That was why they are talking weird and absurd for their own peace in mind. (R. Jago: 16)

Health Minister Dr Samanta Lal Sen has ordered the closure of hospitals operating without licences. Adds, violation of the directives would result in strict actions. (R. Teheran: 12)

Even though the ministers of the new govt have been sworn in, it is not yet clear who will be the main opposition. Out of 62 independents 58 were associated with AL politics, creating uncertainty over the formation of the opposition coalition. (VOA: 8)

Against the backdrop of capturing an area on BD-India border by Arakan Army, security analysts feel strong presence of Arakan Army in Rakhine state could create a 'dilemma' in the Rohingya issue." (BBC: 6)

The country has witnessed a staggering 5,495 road accidents in 2023, with 5,024 people losing their lives and 7,495 sustaining injuries, according to the BRTA. (R. Today: 15)

The EU has allocated 300,000 euros to help victims of a recent fire in one of the Rohingya refugee camps. At least 5,000 people in the refugee camp have become homeless due to the recent fire. (VOA: 11)

The government has ordered primary and secondary schools to suspend classes in any district where the maximum temperature drops below 10 degrees Celsius during this winter. (R. Today: 15)

In Bangladesh, relatives often complain of patient deaths due to wrong treatment or negligence. However, the country's legal framework does not specifically address the liability of doctors. (BBC: 3)

Workers of a RMG factory in Savar have staged demonstration in protest of "unfair dismissal of their co-workers. (R. Today: 16)

All-rounder Nasir Hossain has been banned for 2 years from all cricket after accepting charges of breaching the ICC Anti-Corruption Code while playing in the Abu Dhabi T10 League in 2021. (DW: 13)


| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**মাঘ ০৩, ১৪৩০ বাংলা, জানুয়ারি ১৭, ২০২৪, বুধবার, নং- ১৭, ৫৪তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অত্যন্ত প্রতিযোগিতামূলক হয়েছে। হারার ভয়ে বিএনপি নির্বাচনে অংশগ্রহণ করেনি। তাদের চক্রান্ত এখনো শেষ হয়নি। নির্বাচন বাতিলের চেষ্টা এখনো চলছে।
(রে. টুডে: ১৫)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেন, "বিএনপি দাবি করেছে যে দেশের জনগণ নির্বাচনে সাড়া দেয়নি, কিন্তু জনগণ তাদের কথায় কর্ণপাত করেনি। সে কারণেই বিএনপি নেতারা তাদের মনের শান্তির জন্য উদ্ভট ও অযৌক্তিক কথা বলছেন।" (রে. জাগো: ১৬)

স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন লাইসেন্স ছাড়া হাসপাতালগুলো বন্ধ করার নির্দেশ দিয়েছেন। তিনি আরো বলেন, নির্দেশ অমান্য করলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। (রে. তেহেরান: ১২)

নতুন সরকারের মন্ত্রীরা শপথ নিলেও প্রধান বিরোধী দল কারা হবেন তা এখনও স্পষ্ট নয়। তবে বিজয়ী ৬২ জন স্বতন্ত্র প্রার্থীর মধ্যে ৫৮ জন আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে যুক্ত থাকায় বিরোধী জোট গঠন নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়েছে। (ভোয়া: ৮)

বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মি সম্প্রতি বাংলাদেশ ও ভারত সীমান্তের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এলাকা দখল করেছে। এই প্রেক্ষাপটে, নিরাপত্তা বিশ্লেষকরা মনে করছেন, রাখাইনে আরাকান আর্মির শক্তিশালী উপস্থিতি রোহিঙ্গা ইস্যুতে 'উভয় সংকট' তৈরি করতে পারে। (বিবিসি: ৬)

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) অনুসারে, দেশটি ২০২৩ সালে বিস্ময়কর ৫,৪৯৫টি সড়ক দুর্ঘটনার সাক্ষী হয়েছে, যার মধ্যে ৫,০২৪ জন প্রাণ হারিয়েছেন এবং ৭,৪৯৫ জন আহত হয়েছেন। (রে. টুডে: ১৫)

রোহিঙ্গা শরণার্থী শিবিরগুলোর একটিতে সাম্প্রতিক অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের সহায়তার জন্য ৩ লাখ ইউরো বরাদ্দ দিয়েছে ই ইউ। সাম্প্রতিক আগুনের ঘটনায় শরণার্থী শিবিরের অন্তত পাঁচ হাজার মানুষ আশ্রয়হীন হয়ে পড়েছে।
(ভোয়া: ১১)

চলমান শৈত্য প্রবাহে যেসব জেলার তাপমাত্রা ১০ ডিগ্রির নিচে নামবে সেই সব অঞ্চলে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে। (রে. টুডে: ১৫)

বাংলাদেশে প্রায়ই ভুল চিকিৎসা বা অবহেলাজনিত কারণে রোগী মৃত্যুর অভিযোগ করেন স্বজনরা। তবে, দেশটির আইনি কাঠামোতে চিকিৎসকদের দায়ের বিষয়ে সুনির্দিষ্ট করে কোনো কিছু বলা হয়নি। (বিবিসি: ৩)

রাজধানীর উপকণ্ঠে সাভারে একটি তৈরি পোশাক কারখানার অন্তত ৫০০ জন শ্রমিক "তাদের সহকর্মীদের অন্যায়ভাবে বরখাস্ত করার" প্রতিবাদে বিক্ষোভ করার পরে করখানার কার্যক্রম দ্রুত বন্ধ করতে হয়েছে। (রে. টুডে: ১৬)

অলরাউন্ডার নাসির হোসেনকে ২০২১ সালে আবুধাবি টি-১০ লিগে খেলার সময় আইসিসির দুর্নীতিবিরোধী কোড লঙ্ঘনের অভিযোগ স্বীকার করার পরে সমস্ত ক্রিকেট থেকে ২ বছরের জন্য নিষিদ্ধ করা হয়েছে। (ডয়চে ভেলে: ১৩)

# বিবিসি

## চিকিৎসায় অবহেলা নিয়ে বিভিন্ন দেশের আইনে যে ধরনের শাস্তির ব্যবস্থা রয়েছে

বাংলাদেশে প্রায়ই ভুল চিকিৎসা বা অবহেলাজনিত কারণে রোগী মৃত্যুর অভিযোগ করেন স্বজনরা। তবে, দেশটির আইনি কাঠামোতে চিকিৎসকদের দায়ের বিষয়ে সুনির্দিষ্ট করে কোনো কিছু বলা হয়নি। ১৮৬০ সালের দণ্ডবিধির ৮০ এবং ৮৮ ধারাতে 'সরল বিশ্বাসে পরিচালিত চিকিৎসাকার্যে' সংঘটিত দুর্ঘটনার দায় থেকে চিকিৎসককে অব্যাহতি দেয়া হয়েছে। চিকিৎসায় অবহেলাজনিত কারণে অভিযোগ করার একমাত্র জায়গা বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিল বা বিএমডিসি। এটি একটি সরকারি প্রতিষ্ঠান। বিএমডিসির নিয়মানুযায়ী, কেউ লিখিত অভিযোগ করলে তা অভিযুক্ত ব্যক্তির কাছে পাঠিয়ে জবাব দেয়ার জন্য সময় বেঁধে দেয়া হবে। অভিযুক্ত ব্যক্তির উত্তর অভিযোগকারীকে জানানো হবে। তিনি তা গ্রহণ না করলে তদন্ত কমিটি গঠন করে অভিযোগ নিষ্পত্তির ব্যবস্থা করা হয়। এক্ষেত্রে অভিযুক্ত চিকিৎসকের লাইসেন্স স্থগিত করার বিধান রয়েছে। তবে, বাংলাদেশের আইনজীবীরা বলছেন, বেশিরভাগ ক্ষেত্রে ভুক্তভোগীরা বিএমডিসির এই প্রক্রিয়া জানে না বা এর মধ্য দিয়ে যায় না। আইনে চিকিৎসকদের দায় নিয়ে স্পষ্টভাবে কোনো কিছু বলা হয়নি।

সুপ্রিম কোর্ট ও বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড ট্রাস্টের আইনজীবী অনিক আর হক বিবিসি বাংলাকে বলেন, “এ ধরনের ক্ষেত্রে খুব বেশি হলে বিএমডিসিতে অভিযোগ করা যায়। তদন্ত কমিটিতে চিকিৎসকরাই থাকেন। বেশিরভাগ ক্ষেত্রে অভিযোগ প্রমাণ হয় না। ভুক্তভোগী তখন বাধ্য হয়ে হাইকোর্টে রিট করে। তবে, অবহেলাজনিত কারণে মৃত্যু হলে ফৌজদারি মামলা করার সুযোগ আছে,” বলেন মি. হক।

ভুল চিকিৎসা বা অবহেলাজনিত কারণে মৃত্যুর অভিযোগে ক্ষতিপূরণ চেয়ে করা এ রকম বেশ কয়েকটি রিট হাইকোর্টে বিচারাধীন বলে জানান তিনি। এছাড়া “স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন ২০২৩” নামে একটি আইনের খসড়া করেছে স্বাস্থ্য মন্ত্রণালয়। তবে, এটি এখনো আইনে পরিণত করা হয়নি। এর খসড়াতেও চিকিৎসায় অবহেলাজনিত কারণে রোগীর মৃত্যু হলে ফৌজদারি আইনে বিচার এবং আদালত কর্তৃক নির্ধারিত ক্ষতিপূরণ আদায়ের কথা বলা হয়েছে। এতে, হাসপাতাল বা প্রতিষ্ঠানের এবং চিকিৎসা প্রদানকারী ব্যক্তির বিরুদ্ধে অবহেলাজনিত অপরাধের কথা উল্লেখ করা হয়েছে। হাসপাতালের ক্ষেত্রে প্রযোজ্য হলে লাইসেন্স বাতিল ও চিকিৎসকের ক্ষেত্রে নিবন্ধন বাতিলের সুপারিশের কথা উল্লেখ আছে খসড়ায়। এবং একইসাথে এ সকল অপরাধ আমলযোগ্য, জামিনযোগ্য ও আপসযোগ্য হবে বলে উল্লেখ করা হয়েছে। আইনজীবীরা বলছেন, ১৮৬০ সালের দণ্ডবিধির ৩৩৮ ধারাটি ডাক্তারি অবহেলা সংক্রান্ত অপরাধ প্রতিকারের ক্ষেত্রে সামঞ্জস্যপূর্ণ। এ ধারায় উল্লেখ আছে, যে কোনো ধরনের বেপরোয়া কাজ বা অবহেলার কারণে আঘাত দিলে সর্বোচ্চ দুই বছরের কারাদণ্ড বা সর্বোচ্চ পাঁচ হাজার টাকা অর্থদণ্ড অথবা দুটি একসঙ্গে দেওয়া যাবে। তবে, বাংলাদেশে এ ধরনের ঘটনায় চিকিৎসকদের বিরুদ্ধে অভিযোগ উঠলেও বেশিরভাগ ক্ষেত্রে তা নিষ্পত্তি হয় না বলে জানাচ্ছেন আইনজীবীরা। চিকিৎসকদের কর্মবিরতির মতো কর্মসূচিও দিতে দেখা গেছে বিভিন্ন সময়। ভারতের আদালত চিকিৎসায় অবহেলা নিয়ে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ রায় দিয়েছে। এর মধ্যে কুসুম শর্মা বনাম বাত্রা হাসপাতালের মামলাটি উল্লেখযোগ্য। কারণ, এ মামলায় চিকিৎসায় অবহেলার অভিযোগ নির্ধারণে ১১টি নীতিমালা প্রণয়ন করা হয়েছে।

ভারতে চারভাবে চিকিৎসায় অবহেলার প্রতিকার নিশ্চিত করা হয়েছে। ফৌজদারি দায়বদ্ধতার অধীনে অবহেলা, দেওয়ানি দায়বদ্ধতার অধীনে অবহেলা, শাস্তিমূলক ব্যবস্থা এবং ভোক্তা সুরক্ষা আইনের অধীনে অবহেলা। ভারতের ১৮৬০ সালের দণ্ডবিধি অনুযায়ী, অবহেলাজনিত কারণে রোগীর মৃত্যু হলে দুই বছরের কারাদণ্ডের বিধান রাখা হয়েছে। একইসাথে আর্থিক ক্ষতিপূরণের জন্য যথাযথ সিভিল কোর্টে যাওয়ার বিধান রয়েছে। ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের বিভিন্ন ধারায় ভুক্তভোগীকে এক কোটি থেকে দশ কোটি টাকা ক্ষতিপূরণ প্রদানের বিধান রয়েছে। বাংলাদেশের মতোই ভারতে “ইন্ডিয়ান মেডিকেল কাউন্সিল” রয়েছে যারা চিকিৎসকদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়। চিকিৎসকদের লাইসেন্স স্থগিত বা বাতিল করতে পারে এই প্রতিষ্ঠান।

বাংলাদেশের জনগণের একটা উল্লেখযোগ্য অংশ প্রতি বছর চিকিৎসার জন্য থাইল্যান্ডে যায়। সে দেশের চিকিৎসা ব্যবস্থায় দুইটি আইনের কথা বলা হয়েছে। থাইল্যান্ডের স্বাস্থ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইট “দ্যা মেডিকেল কাউন্সিল অব থাইল্যান্ড” এ দুই আইনের কথা বলা হয়েছে। চিকিৎসকরা কীভাবে প্রাকটিস করবে, রোগীদের সাথে কেমন ব্যবহার করবেন এবং চিকিৎসায় অবহেলার জন্য তদন্ত ও প্রমাণ সাপেক্ষে তাদের বিরুদ্ধে কী ধরনের ব্যবস্থা নেওয়া হবে তা বলা হয়েছে আইন দুইটিতে। “দ্যা মেডিকেল কাউন্সিল রেগুলেশনস অন মেডিকেল এথিকস প্রিজারভেশন ২০০৬” এ চিকিৎসকরা কীভাবে প্র্যাকটিস করবেন, রোগীদের সাথে কেমন আচরণ করবেন, অন্য চিকিৎসক বা সহকারীদের সাথে কেমন আচরণ করবেন প্রভৃতি বিষয়ে বিস্তারিত বলা হয়েছে। এই আইনের কয়েকটি অনুচ্ছেদে বলা হয়েছে, চিকিৎসকরা স্বাভাবিকের চাইতে অতিরিক্ত মজুরি নিতে পারবেন না। নিজের সুবিধার জন্য চিকিৎসক রোগীদের কোনো চিকিৎসা নিতে প্ররোচিত করতে পারবেন না। একজন চিকিৎসককে অনুরোধ করা হলে এবং তার সামর্থ্যের মধ্যে থাকলে গুরুতর অসুস্থ ব্যক্তিকে প্রত্যাখ্যান করতে পারবেন না। “দ্যা মেডিকেল প্রফেশন অ্যাক্ট - ১৯৮২” এর মুখবন্ধে বলা হয়েছে, জনগণের সঠিক চিকিৎসা সেবা পেতে থাইল্যান্ডে চিকিৎসার প্র্যাকটিস আইন ও প্রবিধান দ্বারা চিহ্নিত করা হয়েছে। এই আইনে বলা হয়েছে, চিকিৎসা নৈতিকতা না মেনে চিকিৎসা করায় কোনো চিকিৎসকের দ্বারা কেউ যদি ভুক্তভোগী হয় সেক্ষেত্রে ওই চিকিৎসকের বিরুদ্ধে মেডিকেল কাউন্সিলে অভিযোগ করার অধিকার যে কোনো ব্যক্তির

রয়েছে। তবে, ঘটনার এক বছরের মধ্যে এ ধরনের অভিযোগ দায়ের করতে বলা হয়েছে আইনে। অভিযোগের প্রেক্ষিতে ঘটনার তদন্তে কমিটি গঠন করা হবে। তদন্তের ফলাফলের উপর কমিটি পাঁচ ধরনের সিদ্ধান্ত নিতে পারে। এর মধ্যে অভিযোগ খারিজ করা, সতর্কতা, তিরস্কার করার মতো ব্যবস্থা নেয়ার কথা বলা হয়েছে। এছাড়াও তদন্ত কমিটি চাইলে অভিযুক্ত চিকিৎসকের লাইসেন্স স্থগিত করতে পারবেন তবে সেটি দুই বছরের বেশি নয়। থাইল্যান্ডের এই আইনে চিকিৎসকদের লাইসেন্স প্রত্যাহার করার বিধানও রয়েছে। এই আইনের একটি ধারায় তিন বছরের বেশি নয় এমন মেয়াদের কারাদণ্ডে দণ্ডিত করার বিধান রাখা হয়েছে। একইসাথে ৩০ হাজার থাইল্যান্ডি বাথ পর্যন্ত জরিমানা করার বিধানও রয়েছে। আরেকটি ধারায়, এক বছর বা তার বেশি নয় এমন কারাদণ্ডের কথা উল্লেখ করা হয়েছে। এছাড়া জরিমানা হিসেবে দশ হাজার বাথ বা তার বেশি নয় এমন শাস্তির বিধান রয়েছে।

যুক্তরাজ্যে চিকিৎসকদের নিয়ন্ত্রণ করে জেনারেল মেডিকেল কাউন্সিল এবং হাসপাতালগুলোকে নিয়ন্ত্রণ করে কেয়ার কোয়ালিটি কমিশন। দেশটিতে চিকিৎসায় অবহেলা হলে কঠোর আইনের বিধান রয়েছে। এটি "মেডিকেল ম্যানস্লটার ল" নামেই বেশি পরিচিত। আইনটি অনেক পুরোনো হলেও ২০১৮ সালে এটি সেদেশের পার্লামেন্ট রিভিউ করে। দেশটিতে কোনো রোগী যদি অভিযোগ করে সেক্ষেত্রে তদন্ত সাপেক্ষে চিকিৎসকের লাইসেন্স বাতিল করতে পারে জেনারেল মেডিকেল কাউন্সিল। লন্ডনের ইমপেরিয়াল কলেজের ফ্যাকাল্টি অব মেডিসিন বিভাগের ক্লিনিক্যাল লেকচারার মনজুর শওকত বিবিসি বাংলাকে বলেন, "এ আইনে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে একটি স্বাধীন কমিটি তদন্ত করে বড় ধরনের কোনো ভুল বা অবহেলা হয়েছে কি না। এটি প্রমাণিত হলে লাইসেন্স বাতিল এবং দুই থেকে দশ বছরের কারাদণ্ডের বিধান রয়েছে।"

বাংলাদেশে আয়ানের মৃত্যুর ঘটনা উল্লেখ করে আইনপ্রণেতা, চিকিৎসকসহ সকলকে সাংঘর্ষিক অবস্থায় না গিয়ে জনগণকে রক্ষায় একটি পূর্ণাঙ্গ আইন করার আহ্বান জানান মি. শওকত। "এ ধরনের দুর্ঘটনায় একটি স্বাধীন কমিটি করে দায়িত্ব গাফিলতি আছে কি না তা তদন্ত করা প্রয়োজন।" চিকিৎসকদের উপযুক্ত ট্রেনিং, দেশের আইনকেও যুগোপযোগী করা উচিত বলে মনে করেন মি. শওকত। (বিবিসি ওয়েব পেজ : ১৬.১.২৪ রিহাব)

**খতনা করাতে গিয়ে শিশু আয়ান মারা গেল কেন, পরিবার যা বলছে**

"নামি-দামি অনেকেই ইউনাইটেড মেডিকেলে স্বাস্থ্যসেবা নেয়। সেজন্য কিছু টাকা বেশি গেলেও ছেলেটার খতনা নিরাপদে হবে, এই বিশ্বাস থেকেই ওখানে গিয়েছিলাম। অথচ ছেলেটা আমার লাশ হয়ে ফিরলো।" আক্ষেপ করে বিবিসি বাংলাকে বলছিলেন শিশু আয়ানের বাবা শামীম আহমেদ। একমাত্র ছেলে আয়ান আহমেদকে খতনা করানোর জন্য গত বছরের ৩১শে ডিসেম্বর ঢাকার সাতারকুলে অবস্থিত ইউনাইটেড মেডিকেল কলেজ ও হাসপাতালে নিয়ে যান মি. আহমেদ। সেখানে অ্যানেসথেসিয়া দেওয়ার পর আর জ্ঞান ফেরেনি সাড়ে পাঁচ বছর বয়সী শিশুটির। ভুল চিকিৎসা ও হাসপাতালের অবহেলার কারণেই আয়ানের অকালমৃত্যু হয়েছে বলে অভিযোগ করেছেন বাবা শামীম আহমেদ। "আমার ছেলেটার ঠাণ্ডার সমস্যা ছিল জেনেও তারা ফুলবডি অ্যানেসথেসিয়া কীভাবে দিলো? তাছাড়া খতনা চলাকালে ৩০ থেকে ৪০ জন মেডিকেল শিক্ষার্থীকে তারা দর্শক হিসেবে ওটিতে ঢুকালো। এটা কোন ধরনের ওটি?" ক্ষুব্ধ কণ্ঠে বিবিসি বাংলাকে বলেন মি. আহমদ। "আসল কথা হচ্ছে আমাদেরকে ওরা মানুষই মনে করে না। মন্ত্রী-মিনিস্টাররা গেলে তাদের কাছে যে ধরনের সেবা পায়, আমরা সাধারণ মানুষরা গেলে সেটা পাই না," বিবিসি বাংলাকে বলেন শামীম আহমেদ।

এছাড়া মামলা তুলে নেওয়ার জন্যও বিভিন্ন মহল থেকে চাপ দেওয়া হচ্ছে বলে জানান মি. আহমেদ। এদিকে, শিশু আয়ানের মৃত্যুর ঘটনা জানাজানি হওয়ার পর রোববার ইউনাইটেড মেডিকেল কলেজ ও হাসপাতালের স্বাস্থ্যসেবা কার্যক্রম বন্ধের নির্দেশ দিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। হাসপাতালটি নিবন্ধন ছাড়াই এতদিন চলছিলো। এমন কী এই নামে কখনও কোন নিবন্ধনের আবেদনও করা হয়নি বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক ডা. আবুল বাসার মোহাম্মদ খুরশীদ আলম। যদিও হাসপাতাল কর্তৃপক্ষ বলছে, যথাযথ নিয়ম মেনে মূল প্রতিষ্ঠান 'ইউনাইটেড হেলথকেয়ার সার্ভিসেস লিমিটেড' নামে নিবন্ধন আবেদন করা হয়েছিলো। সেটি বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে বলেও বিবিসি বাংলাকে জানিয়েছেন ইউনাইটেড হাসপাতালের পাবলিক রিলেশন্স ম্যানেজার আরিফুল হক।

অন্যদিকে, এ ধরনের ঘটনা যেন ভবিষ্যতে আর না ঘটে, সেজন্য 'কঠোর পদক্ষেপ' নেওয়া হচ্ছে বলে বিবিসি বাংলাকে বলেছেন নবনিযুক্ত স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। খতনার জন্য শিশু আয়ান আহমেদকে অজ্ঞান করা গত ৩১শে ডিসেম্বর। এরপর জ্ঞান না ফেরায় কয়েক ঘণ্টার মধ্যেই তাকে স্থানান্তর করা হয় গুলশানের ইউনাইটেড হাসপাতালে। সেখানে আটদিন নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) থাকার পর গত সাতই জানুয়ারি রাতে আয়ানকে মৃত ঘোষণা করা হয়। পরিবারের ধারণা, শিশুটি আগেই মারা গিয়েছিল। 'পরিকল্পিতভাবেই' সে খবর চেপে রাখা হয়েছে বলেও অভিযোগ তুলেছেন তারা। "সেদিন নির্বাচন ছিল। মিডিয়া ঐটা নিয়েই ব্যস্ত ছিল। তারা এই সুযোগটাই নিছে বলে আমাদের ধারণা", বিবিসি বাংলাকে বলেন আয়ানের বাবার শামীম আহমেদ। যদিও হাসপাতাল কর্তৃপক্ষ বলছে, মি. আহমেদের দাবিটি সত্য নয়। "আমরা প্রতিদিনই তাদেরকে বাচ্চার অবস্থার আপডেট দিয়েছি। কয়েকদিন ভেতরে নিয়েও দেখিয়েছি যে, বাচ্চার হার্টবিট চলছে", বিবিসি বাংলাকে বলেন ইউনাইটেড হাসপাতালের পাবলিক রিলেশন্স ম্যানেজার আরিফুল হক। এ অবস্থায় আয়ানের মৃত্যুর প্রকৃত কারণ খতিয়ে দেখতে সোমবার স্বাস্থ্য অধিদপ্তরকে নির্দেশ দিয়েছে হাই কোর্ট। একই সাথে, আয়ানের পরিবারকে পাঁচ কোটি টাকা ক্ষতিপূরণ দিতে হাসপাতাল কর্তৃপক্ষকে কেন নির্দেশ দেওয়া হবে না, সেই প্রশ্নে রুল জারি করা হয়েছে। অবশ্য মি. আহমেদ ক্ষতিপূরণ নয়, চাচ্ছেন সুষ্ঠু বিচার।

"আমার একমাত্র ছেলে মারা গেছে। এই ক্ষতি কীভাবে পূরণ করবে তারা?" বিবিসি বাংলাকে বলেন শামীম আহমেদ। "আমার চাওয়া একটাই। এ ধরনের হাসপাতালগুলো বন্ধ হোক। আমার মতো আর যেন কেউ সন্তান না হারায়" বলেন তিনি। অজ্ঞান হওয়া থেকে শুরু করে আয়ানকে মৃত ঘোষণা করা পর্যন্ত আট দিনে হাসপাতালের বিল এসেছে ছয় লাখ টাকা। এই টাকা পরিশোধ করার জন্য হাসপাতাল কর্তৃপক্ষ নিয়মিতভাবে চাপ দিয়ে যাচ্ছে বলে বিবিসি বাংলার কাছে অভিযোগ করেছেন শামীম আহমেদ। এছাড়া সমঝোতার মাধ্যমে মামলা তুলে নেওয়ার জন্যও বিভিন্ন মহল থেকে চাপ দেওয়া হচ্ছে বলে জানান মি. আহমেদ। "আমাকে বিভিন্ন মহল থেকে ফোন দেওয়া হচ্ছে, অপরিচিত নাম্বার থেকে। বলা হচ্ছে, হাসপাতাল কর্তৃপক্ষের সাথে আপনি বসেন এবং ক্ষতিপূরণ হিসেবে আপনি কী চান বলেন" বিবিসি বাংলাকে বলছিলেন মি. আহমেদ। "তাও আপনি আইন-আদালতের ভেতরে যায়েন না। কারণ এগুলো করে কিছু পাবেন না। এসব বলা হচ্ছে," বলেন তিনি। তবে এসব অভিযোগ অস্বীকার করেছে হাসপাতাল কর্তৃপক্ষ। "এসব অভিযোগের কোনো ভিত্তি নেই" বিবিসি বাংলাকে বলেন ইউনাইটেড হাসপাতালের পাবলিক রিলেশন্স ম্যানেজার আরিফুল হক।

তিনি আরও বলেন, "আমরা শুরু থেকেই বাচ্চার পরিবারের প্রতি সহানুভূতি দেখিয়ে আসছি। আর সে কারণেই বিল পরিশোধ না করার সত্ত্বেও বাচ্চার মরদেহ আমরা রিলিজ করে দিয়েছি," বলেন তিনি। শিশু মৃত্যুর বিষয়টি খতিয়ে দেখতে হাসপাতাল কর্তৃপক্ষ সাত সদস্যের একটি কমিটি গঠন করেছে বলেও জানান মি. হক। "ঘটনাটা আসলে কী ঘটেছে, সেটাই আমরা বের করার চেষ্টা করছি। সেখানে আমরা কেউ সমঝোতার চাপ দিবো", বিবিসি বাংলাকে বলেন তিনি। নিজেদের কমিটির তদন্তে কারও দোষ প্রমাণিত হলে বিধি অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলেও জানান মি. হক। স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশে সোমবার থেকে ইউনাইটেড মেডিকেল কলেজ ও হাসপাতালের স্বাস্থ্যসেবা কার্যক্রম বন্ধ রাখা হয়েছে। রোববার রাতে এ সংক্রান্ত একটি ই-মেইল বার্তা তারা পেয়েছেন বলে বিবিসি বাংলাকে জানিয়েছে ইউনাইটেড মেডিকেল কলেজ ও হাসপাতাল কর্তৃপক্ষ। সরেজমিনে গিয়েও দেখা গেছে, হাসপাতালের সামনে একটি নোটিশ ঝুলছে। সেখানে বলা হচ্ছে, এর সকল কার্যক্রম আপাতত বন্ধ। ছয়তলা ভবনটির নির্মাণ কাজ চলমান আছে। ভবনের চারপাশে নিরাপত্তা বাড়ানো হয়েছে। এছাড়া গণমাধ্যমকর্মীদের সহসাই সেখানে ঢুকতে দেওয়া হচ্ছে না। ঢুকতে হলে অনুমতি নিতে হচ্ছে কর্তৃপক্ষের কাছ থেকে। হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে যে, তারা ২০২৩ সালের জুন মাসে হাসপাতালটির নিবন্ধনের জন্য আবেদন করেছে।

তবে স্বাস্থ্য অধিদপ্তর বিবিসি বাংলাকে জানিয়েছে যে, অধিদপ্তরের অনলাইন ডাটাবেজ পর্যালোচনা এবং হাসপাতাল পরিদর্শনকালে সংশ্লিষ্ট কাগজপত্রাদি যাচাই-বাছাই করে দেখা গেছে যে, ইউনাইটেড মেডিকেল কলেজ হাসপাতাল নামে কোনো প্রতিষ্ঠান স্বাস্থ্য অধিদপ্তরের নিকট নিবন্ধন/লাইসেন্স প্রাপ্তির জন্য কখনই অনলাইন আবেদন করে নাই। তাহলে প্রশ্ন হচ্ছে, হাসপাতালটি কীভাবে এতদিন তাদের কার্যক্রম চালিয়ে আসলো? "সেটাই এখন বড় প্রশ্ন। আমরা বিষয়টি খতিয়ে দেখছি", বিবিসি বাংলাকে বলেন স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক ডা. আবুল বাসার মোহাম্মদ খুরশীদ আলম। মি. আলম বলছেন যে, কোনো হাসপাতাল নিবন্ধনের জন্য আবেদন করলেই কেবল তারা সেটি পরিদর্শন করে থাকেন। তাহলে যারা নিবন্ধন আবেদন না করেই হাসপাতাল চালাচ্ছে, তাদেরকে থামানোর দায়িত্ব আসলে কার? "এটা আমাদের দায়িত্ব নয়। এটা করবে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও স্থানীয় প্রশাসন", বিবিসি বাংলাকে বলেন মি. আলম।

ইউনাইটেড মেডিকেল কলেজ ও হাসপাতাল কর্তৃপক্ষ অবশ্য দাবি করছে, যথাযথ নিয়ম মেনে মূল প্রতিষ্ঠান ইউনাইটেড হেলথকেয়ার সার্ভিসেস লিমিটেড নামে নিবন্ধন আবেদন করা হয়েছে। 'আমরা আবেদন করেছিলাম ইউনাইটেড হেলথকেয়ার সার্ভিসেস লিমিটেড নামে। আমাদের প্রতিষ্ঠানের নাম ছিল ইউনাইটেড মেডিকেল কলেজ অ্যান্ড হসপিটাল।" বিবিসি বাংলাকে বলেন ইউনাইটেড হাসপাতালের পাবলিক রিলেশন্স ম্যানেজার আরিফুল হক। "ইউনাইটেড হেলথকেয়ার সার্ভিসেস লিমিটেড আমাদের মাদার কোম্পানি। সেক্ষেত্রে স্বাস্থ্য অধিদপ্তর থেকে এখন বলা হচ্ছে যে, এটি ত্রুটিপূর্ণ", বলেন মি. হক। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়ে দিয়েছে যে, মূল কোম্পানির নামে নিবন্ধন নিয়ে অন্য নামে হাসপাতাল চালানো যাবে না। এমন অবস্থায় নতুন নামে নিবন্ধনের জন্য আবেদন করে হাসপাতালটির কার্যক্রম পুনরায় চালু করার কথা ভাবছে ইউনাইটেড মেডিকেল কলেজ ও হাসপাতাল।

তদন্তের মাধ্যমে খুব শিগগিরই শিশু আয়ানের মৃত্যুর প্রকৃত কারণ উদঘাটন করা হবে বলে বিবিসি বাংলাকে বলেছেন নবনিযুক্ত স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। "এটা খুবই দু:খজনক। এমন ঘটনা মোটেও মেনে নেওয়া যায় না", বিবিসি বাংলাকে বলেন মি. সেন। দোষীদেরকে আইনের আওতায় এনে শাস্তি দেওয়া হবে বলেও জানান তিনি। নিবন্ধন ও অনুমোদন ছাড়া কীভাবে হাসপাতালটি রোগীদের সেবা দিয়ে আসছিল, সেটা নিয়েও বিস্ময় প্রকাশ করেছেন মি. সেন। "নিয়ম-নীতি না মেনে কীভাবে এ ধরনের হাসপাতাল এতদিন চললো, সেটা খতিয়ে দেখা হবে। আমি দেখতে চাই, সমস্যাটা ঠিক কোথায়?" বিবিসি বাংলাকে বলেন তিনি। পাশাপাশি এ রকম ঘটনা সামনে যেন আর না ঘটে, সেজন্য 'কঠোর পদক্ষেপ' নেওয়া হচ্ছে বলেও জানান স্বাস্থ্যমন্ত্রী। "এ ধরনের ঘটনার বিরুদ্ধে আমরা কঠিন হবো। জড়িতদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়া হবে", বিবিসি বাংলাকে বলেন তিনি।

গত ৩১শে ডিসেম্বর খতনার জন্য শিশু আয়ানকে ইউনাইটেড হাসপাতালে নেয়া হয়। অজ্ঞান করে খতনা করার পর আর শিশুটির চেতনা না ফেরায় তাকে গুলশানে অবস্থিত ইউনাইটেড হাসপাতালের পিআইসিইউতে লাইফ সাপোর্টে রাখা হয়। সেখানেই গত ৭ই জানুয়ারি মারা যায় শিশু আয়ান। এই ঘটনায় দেশজুড়ে নানা সমালোচনা তৈরি হয়। শিশু সন্তানের এমন মৃত্যুর ঘটনায় আয়ানের বাবা শামীম আহমেদ বাড্ডা থানায় একটি মামলা দায়ের করেন। ঐ মামলায়

হাসপাতালের অ্যানেস্থিওলজিস্ট সাইদ সাব্বির আহমেদ, সার্জারি বিভাগের চিকিৎসক তাসনুভা মাহজাবিন অজ্ঞাতনামা পরিচালকসহ কয়েকজনকে আসামি করা হয়। তাদেরকে গ্রেফতার করাসহ ছয় দফা দাবিতে গত বৃহস্পতিবার স্বাস্থ্য অধিদপ্তরের সামনে মানববন্ধন করে আয়ানের স্বজন ও এলাকার বাসিন্দারা। অন্যদিকে, আয়ানের মৃত্যুর ঘটনা নিয়ে গত ৯ জানুয়ারি হাই কোর্টে রিট আবেদন করেন সুপ্রিম কোর্টের এক আইনজীবী। আয়ানের মৃত্যুর জন্য হাসপাতাল কর্তৃপক্ষের অবহেলাকে দায়ী করে কোটি টাকা ক্ষতিপূরণ চাওয়া হয় সেখানে। পরে আয়ানের বাবা শামীম আহমেদও রিটে আবেদনে পক্ষভুক্ত হন। একইসাথে, হাসপাতালের লাইসেন্স বাতিল এবং নতুন রোগী ভর্তি না করার নির্দেশনা চেয়ে একটি সম্পূরক আবেদন করে রিট আবেদনকারীপক্ষ। সোমবার প্রাথমিক শুনানি শেষে রুল জারির পাশাপাশি সারা দেশে অনুমোদনহীন কতগুলো হাসপাতাল রয়েছে, সেই তালিকা এক মাসের মধ্যে আদালতে দাখিল করতে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে নির্দেশ দেয় হাই কোর্ট। (বিবিসি ওয়েব পেজঃ ১৬.১.২৪ রিহাব)

## রাখাইন আরাকান আর্মির কব্জায়, রোহিঙ্গাদের জন্য কী অর্থ বহন করছে?

বেশ দ্রুত বদলে যাচ্ছে বাংলাদেশের প্রতিবেশী দেশ মিয়ানমারের পরিস্থিতি। সেখানে একের পর এক এলাকা দখল করে নিচ্ছে বিদ্রোহী গোষ্ঠীগুলো। বিভিন্ন জায়গায় নিয়ন্ত্রণ হারাচ্ছে জান্তা সরকার। এই পটভূমিতে নিরাপত্তা বিশ্লেষকরা মনে করছেন, রাখাইনে আরাকান আর্মির শক্ত অবস্থান রোহিঙ্গা সমস্যার ক্ষেত্রে একটা 'উভয় সংকট' তৈরি করতে পারে। প্রায় দেড় বছর আগে আরাকান আর্মির একজন মুখপাত্র অনলাইন বক্তব্যে দাবি করেছিলেন যে রোহিঙ্গা সংকট সমাধানে তারা অন্যতম স্টেকহোল্ডার বা অংশীদার। বিষয়টি নিয়ে বিভিন্ন সংবাদমাধ্যমে রিপোর্টও হয়েছিল। প্রশ্ন হলো – আরকান আর্মি রাখাইন অঞ্চলের নিয়ন্ত্রণ নিলে সেটি রোহিঙ্গা সংকটকে কোন দিকে নিয়ে যাবে? বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মি সম্প্রতি দখল করে নিয়েছে বাংলাদেশ ও ভারত সীমান্তে অতি গুরুত্বপূর্ণ একটি এলাকা। এই অঞ্চলটির নাম পালেতোয়া, যেটি মিয়ানমারের চিন রাজ্যে অবস্থান। এই জায়গাটির দূরত্ব বাংলাদেশ সীমান্ত থেকে মাত্র ১৮ কিলোমিটারের মতো। মিয়ানমারের যে তিনটি বিদ্রোহী গোষ্ঠী সামরিক জান্তা সরকারের বিরুদ্ধে লড়াই করছে তাদের মধ্যে অন্যতম হচ্ছে আরাকান আর্মি। গত নভেম্বর মাসে মিয়ানমারের সামরিক জান্তা সরকারের প্রেসিডেন্ট সতর্ক করে বলেছেন, দেশটির শান রাজ্যে শুরু হওয়া যুদ্ধ সরকার নিয়ন্ত্রণ করতে না পারলে পুরো দেশই ভেঙ্গে পড়ার আশঙ্কা তৈরি হবে। এদিকে মিয়ানমারের রাখাইন অঞ্চলে আরাকান আর্মির প্রভাব এখন বাড়তে শুরু করেছে।

রাখাইন অঞ্চল থেকে প্রায় ১০ লক্ষ রোহিঙ্গা বাংলাদেশে পালিয়ে এসেছে আরো সাত বছর আগে। কিন্তু সেই সংকট সমাধানের কোন কূলকিনারা হচ্ছেনা। রাখাইন অঞ্চলে আরাকান আর্মির কর্তৃত্ব যত বাড়বে ভূরাজনীতি তত বেশি জটিল হবার আশঙ্কা রয়েছে। কারণ তাদের ঘোষিত লক্ষ্য হচ্ছে, ফেডারেল রাষ্ট্রব্যবস্থার মধ্যে একরকম স্বাধীনতা বা স্বায়ত্তশাসন। রাখাইন অঞ্চলে জান্তা সরকারের কর্তৃত্ব দুর্বল করে আরাকান আর্মির প্রভাব বাড়তে থাকলে সেটি রোহিঙ্গা সংকটের জন্য 'শাঁখের করাত' হতে পারে বলে অনেকে মনে করেন। নিরাপত্তা বিশ্লেষক ব্রিগেডিয়ার (অব.) এম সাখাওয়াত হোসেন মনে করেন, রাখাইন অঞ্চলে জান্তা সরকারকে হটিয়ে দিয়ে আরাকান আর্মি যদি শক্ত অবস্থান নেয় তাহলে রোহিঙ্গা সংকটের জন্য ইতিবাচক কিংবা নেতিবাচক যে কোনও কিছুই হতে পারে। আরাকান আর্মি ২০১২ সালে প্রতিষ্ঠিত হয়, যার পুরোনো নাম ছিল হারাকাহ আল-ইয়াকিন। অবশ্য আরাকান আর্মির রাজনৈতিক শাখা ইউনাইটেড লীগ অব আরাকান গঠিত হয় ২০০৯ সালে। আরাকান আর্মি কখন সামরিক তৎপরতা শুরু করে সেটি নির্দিষ্ট করে বলা কঠিন। তবে ধারণা করা হয় ২০১৫ সাল থেকে পালেতোয়া টাউনশিপ এলাকায় তাদের সামরিক তৎপরতা দেখা যায়। সেনাবাহিনীর সাথে তারা গত কয়েক বছর ধরে লড়াই চালিয়ে আসছে এবং এই সময়ে রাখাইন রাজ্য ও পার্শ্ববর্তী চিন রাজ্যে নিজেদের অবস্থানকে সংহত করতে সমর্থ হয়েছে।

এমনকি সেনাবাহিনী ২০২১ সালের ফেব্রুয়ারিতে ক্ষমতা দখলের আগে থেকেই রাখাইনে তাদের ভিত মজবুত ছিলো। রাখাইন রাজ্যের উত্তরাঞ্চলে তাদের তৎপরতা ছিল। আরাকান আর্মির তৎপরতা যেখানে রয়েছে সেখানে অধিকাংশ রোহিঙ্গা মুসলিম বসবাস করে। দুই বছর আগে তারা দাবি করে, রাজ্যটির ৬০ শতাংশ তাদের নিয়ন্ত্রণে। ব্রাসেলস-ভিত্তিক আন্তর্জাতিক গবেষণা সংস্থা ইন্টারন্যাশনাল ক্রাইসিস গ্রুপ-এর একটি নিবন্ধে বলা হয়েছে, সাম্প্রতিক সময়ে আরাকান আর্মির নেতৃত্ব রোহিঙ্গাদের সাথে ইতিবাচক সম্পর্ক গড়ে তুলতে চেয়েছে। আরাকান আর্মি রোহিঙ্গাদের শত্রু হিসেবে দেখে না। যদিও 'রোহিঙ্গা' শব্দটিকে আনুষ্ঠানিকভাবে স্বীকার করেনা আরাকান আর্মি। তবে পরিস্থিতি আরো জটিল হবার সম্ভাবনা বেশি দেখছেন এম সাখাওয়াত হোসেন। সে ক্ষেত্রে রোহিঙ্গা প্রত্যাবাসনের কোন অগ্রগতি হবেনা।

রাখাইন অঞ্চলের মংডু এবং রথিডং থেকে লাখ লাখ রোহিঙ্গা মুসলিম পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিয়েছে। সে সব এলাকায় আরাকান আর্মির সাথে সৈন্যদের সাথে মাঝে মধ্যেই সংঘাত চলছে। পরিস্থিতি যেদিকে এগুচ্ছে তাতে রোহিঙ্গা প্রত্যাবাসনের বিষয়টি মোটেও ইতিবাচক কিছু নয় বলে মনে করেন মেজর (অব.) এমদাদুল ইসলাম। তিনি একসময় সিটোয়েতে বাংলাদেশ মিশনের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি মনে করেন, রোহিঙ্গা সংকটকে অনেকে অনেকভাবে কাজে লাগানোর চেষ্টা করে। সেটি আরাকান আর্মির দিক থেকেও হতে পারে আবার মিয়ানমার জান্তা সরকারের দিক থেকেও হতে পারে। "আরাকান আর্মি যদি রাখাইন অঞ্চলের একটি বড় অংশ দখলে নিয়েও আসে তাহলে তারা বলবে না যে এখন রোহিঙ্গারা চলে আসুক। বরং মিয়ানমার জান্তা বলবে যে এখানে রোহিঙ্গাদের ফিরে আসার পরিবেশ নেই", বলেন মি. ইসলাম। তিনি মনে করেন, আরাকান আর্মি রাখাইন অঞ্চলে যতটুকু জায়গা দখল করেছে সেটি সাময়িক ব্যাপার এবং সেটি তারা দীর্ঘমেয়াদে ধরে রাখতে পারবে না। এর কারণ হচ্ছে মিয়ানমার আর্মির

শক্তি বিদ্রোহীদের চেয়ে অনেক বেশি। মিয়ানমারে যে কোনও ধরনের পরিবর্তন বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের উপর প্রভাব তৈরি করার সম্ভাবনা উড়িয়ে দেয়া যায় না বলেও মনে করছেন নিরাপত্তা বিশ্লেষকরা।

কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্পগুলোতে বিভিন্ন সশস্ত্র গোষ্ঠীর তৎপরতা গত কয়েক বছর ধরেই দৃশ্যমান। সেখানে একের পর এক হত্যাকাণ্ড হচ্ছে। ক্যাম্পের বসবাসরত সাধারণ রোহিঙ্গাদের ভাষ্য হচ্ছে – সেখানে বর্তমানে দুটি সশস্ত্র গোষ্ঠী রয়েছে। একটি হচ্ছে আরাকান রোহিঙ্গা স্যালভেশন আর্মি বা 'আরসা' এবং অপরটি হচ্ছে রোহিঙ্গা সলিডারিটি অর্গানাইজেশন বা 'আরএসও'। বিশ্লেষকরা মনে করেন, আরএসও'র সাথে আরাকান আর্মির সুসম্পর্ক আছে। অন্যদিকে আরসাকে মনে করা হয় আরাকান আর্মির বিরোধী শক্তি। রাখাইন অঞ্চলে আরাকান আর্মির প্রভাব বাড়লে সেটি আরএসওকে শক্তিশালী করবে। ফলে আরসার সাথে তাদের সংঘাত আরো বাড়বে বলে আশংকা করছেন অনেকে। রোহিঙ্গা ক্যাম্পগুলোতে আরসা ও আরএসও'র তৎপরতা এখন আর অজানা বিষয় নয়। দুই বছর আগে বাংলাদেশের পুলিশ দাবি করেছিলে যে আরসা'র প্রধান মোহাম্মদ আতাউল্লাহর ভাইকে উখিয়া থেকে গ্রেফতার করা হয়েছে।

বাংলাদেশের নিরাপত্তাবাহিনীর ভাষ্য অনুযায়ী গত ডিসেম্বর মাসের গোড়ার দিকে রোহিঙ্গা ক্যাম্পে আরসা ও আরএসও-র মধ্যে গোলাগুলিতে অন্তত তিনজন নিহত হয়েছে। মেজর (অব.) এমদাদুল ইসলাম মনে করেন, সশস্ত্র সংগঠন 'আরসা' মিয়ানমার জান্তা সরকারের হয়ে কাজ করে। সেজন্য ক্যাম্পগুলোতে তারা কোনভাবেই আরএসওকে স্থান দেবেনা। আরাকান আর্মির প্রতি ভারতের কোন সমর্থন নেই। তবে তাদের প্রতি চীনের সমর্থন আছে বলে মনে করেন নিরাপত্তা বিশ্লেষকরা। সীমান্ত লাগোয়া পালেতোয়ায় ভারতের অর্থায়নে কোটি কোটি ডলারের উন্নয়ন প্রকল্প চলমান। দূরবর্তী অঞ্চলের সঙ্গে যোগাযোগ ব্যবস্থার উন্নত করতে সেখানে বিনিয়োগ করেছে ভারত।

"আরাকান আর্মি যে জায়গাটি দখল করে নিয়েছে সেটি অত্যন্ত গুরুত্বপূর্ণ জায়গা। আরাকান আর্মি যেসব জায়গা দখল করছে সেগুলো ভারতের নিরাপত্তা ও অর্থনৈতিক স্বার্থের অনুকূলে যাচ্ছে না," বলেন এম সাখাওয়াত হোসেন। রাখাইন রাজ্যে চীনের গভীর সমুদ্র বন্দর ও গ্যাস পাইপলাইনসহ বড় অংকের বিনিয়োগ রয়েছে। "রাখাইন অঞ্চলে চীন তার স্বার্থ অক্ষুণ্ণ রাখতে চাইলে বিদ্রোহী গোষ্ঠীগুলোর সাথে এক ধরনের সম্পর্ক বজায় রাখতে হবে।" মিয়ানমারের পরিস্থিতি নিয়ে ভারত এবং চীনের দৃষ্টিভঙ্গি কেমন হবে সেটির উপর অনেক কিছু নির্ভর করছে বলে মনে করেন মি, হোসেন।

আরাকান আর্মি এখনও পর্যন্ত তাদের নিয়ন্ত্রণাধীন এলাকায় যতগুলো আক্রমণ করেছে সেগুলো সবই ভারতীয় স্বার্থের বিরুদ্ধে, চীনের বিরুদ্ধে নয়। মেজর এমদাদুল ইসলাম বলছেন, এখন মিয়ানমারের পরিস্থিতি কোন দিকে যাবে সেটি অনেকটাই নির্ভর করছে চীনের দৃষ্টিভঙ্গির ওপর। (বিবিসি ওয়েব পেজ : ১৬.১.২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### ন্যাম সম্মেলনঃ রোহিঙ্গা ইস্যু নিয়ে মিয়ানমারের সঙ্গে আলোচনা করবে বাংলাদেশ

আসন্ন জোট নিরপেক্ষ আন্দোলন সম্মেলনের ফাঁকে মিয়ানমারের সঙ্গে রোহিঙ্গা ইস্যু নিয়ে আলোচনা করবে বাংলাদেশ। মঙ্গলবার (১৬ জানুয়ারি) সাংবাদিকদের এ কথা জানিয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। হাছান মাহমুদ বলেছেন, উগান্ডার রাজধানী কাম্পালায় আসন্ন জোট নিরপেক্ষ আন্দোলন (নন অ্যালায়েন্স মুভমেন্ট-ন্যাম) সম্মেলনের ফাঁকে তিনি মিয়ানমারের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে রোহিঙ্গা ইস্যু নিয়ে আলোচনা করবেন। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী বলেন, দেখুন আমরা সবসময় কূটনৈতিকভাবে চেষ্টা করছি। আমরা তাদের (মিয়ানমার) সঙ্গে যোগাযোগ বাড়াচ্ছি। আমি ন্যাম শীর্ষ সম্মেলনে যাচ্ছি। আমার মিয়ানমারের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে দেখা করার কথা রয়েছে। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, আমরা কূটনৈতিকভাবে এই সমস্যার সমাধান করতে পারি যোগ করেন ড. মাহমুদ। জোট নিরপেক্ষ আন্দোলনের (ন্যাম) ১৯তম শীর্ষ সম্মেলনে যোগ দিতে বুধবার (১৭ জানুয়ারি) রাতে উগান্ডার উদ্দেশে রওনা দেবেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। কমনওয়েলথ মহাসচিব প্যাট্রিসিয়া স্কটল্যান্ড কেসি আগামী ১৯ থেকে ২০ জানুয়ারি অনুষ্ঠেয় জোট নিরপেক্ষ আন্দোলনের রাষ্ট্র ও সরকার প্রধানদের শীর্ষ সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে যোগ দেবেন। সোমবার (১৫ জানুয়ারি) প্রাথমিকভাবে শুরু হওয়া শীর্ষ সম্মেলনের জন্য বিশ্বের প্রায় ১২০টি দেশের নেতারা উগান্ডার রাজধানী কাম্পালায় সমবেত হয়েছেন। বিভিন্ন সদস্য রাষ্ট্রের নেতারা সপ্তাহব্যাপী এই শীর্ষ সম্মেলনে যোগ দেবেন বলে আশা করা হচ্ছে। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে দেশটির সরকার গত বছর প্রায় এক হাজার শরণার্থী নিয়ে রোহিঙ্গাদের মিয়ানমারে প্রত্যাবাসন শুরু করতে চেয়েছিলো। বাংলাদেশ মিয়ানমারকে তিন হাজারের বেশি রোহিঙ্গার একটি তালিকা দিয়েছে এবং পরিবারগুলো যেন বিচ্ছিন্ন না হয় তাও নিশ্চিত করতে চেয়েছিলো। বাংলাদেশ সরকার বলছে, একদিকে এই নিপীড়িত জনগোষ্ঠীর জন্য মানবিক সহায়তা ব্যাপকভাবে হ্রাস পেয়েছে; অন্যদিকে প্রতি বছর আশ্রয় শিবিরে প্রায় ৩০ হাজার নবজাতক জন্মগ্রহণ করছে। যা এই সংকটকে আরো জটিল করে তুলছে। নিরাপদ, স্বেচ্ছায় ও টেকসই প্রত্যাবাসন শুরু করতে আরো বিলম্ব এবং মানবিক সহায়তার ঘাটতি পুরো অঞ্চলকে ঝুঁকিতে ফেলতে পারে বলে মনে করে বাংলাদেশ। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, এত দীর্ঘ সময় ধরে ১২ লাখের বেশি রোহিঙ্গা নাগরিকদের আশ্রয় দিয়ে যাচ্ছে বাংলাদেশ। এ কারণে যে আর্থ-সামাজিক, জনতাত্ত্বিক ও পরিবেশগত ব্যয় বহন করতে হচ্ছে, তা বাংলাদেশকে এক সীমাবদ্ধতার দিকে ঠেলে দিচ্ছে। পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, জোরপূর্বক বাস্তুচ্যুত এসব মানুষের নিরাপদ ও টেকসই উপায়ে স্বদেশে ফিরে যাওয়ার আকাঙ্ক্ষা ও অধিকার রয়েছে।

(ভোয়া ওয়েব পেজ: ১৬.০১.২০২৪ রুবাইয়া)

## আইসিসিঃ বাংলাদেশি অলরাউন্ডার নাসির ২ বছরের জন্য নিষিদ্ধ

বাংলাদেশের জাতীয় ক্রিকেট দলের অলরাউন্ডার নাসির হোসেনকে সব ধরনের ক্রিকেট কার্যক্রম থেকে নিষিদ্ধ করেছে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি)। দুর্নীতি দমন আইন লঙ্ঘনের দায়ে দুই বছরের জন্য নাসির হোসেনকে নিষিদ্ধ করা হয়। মঙ্গলবার (১৬ জানুয়ারি) তার ওপর আরোপিত নিষেধাজ্ঞার বিষয়টি নিশ্চিত করেছে আইসিসি। ৩২ বছর বয়সী নাসিরের বিরুদ্ধে ২০২৩ সালের সেপ্টেম্বরে আইসিসি তিনটি অভিযোগ আনে। তিনি সেসব অভিযোগ স্বীকার করেছেন। তার বিরুদ্ধে আনা প্রথম অভিযোগ হলো ৭৫০ ডলারের বেশি মূল্যের উপহার প্রকাশ না করা যার মধ্যে একটি নতুন আইফোন-১২ ছিলো। দ্বিতীয় অভিযোগ আইফোন-১২ এর মাধ্যমে দুর্নীতিতে জড়িত হওয়ার আমন্ত্রণ সম্পর্কিত সম্পূর্ণ বিবরণ প্রকাশ না করা। তৃতীয় অভিযোগ তার বিরুদ্ধে দুর্নীতি দমন কর্মকর্তার তদন্তে সঠিক ও সম্পূর্ণ তথ্য সরবরাহ করতে অস্বীকারের মাধ্যমে সহযোগিতা না করা। নাসির হোসেন ২০১১ থেকে ২০১৮ সাল পর্যন্ত বিভিন্ন ফরম্যাটে ১১৫টি ম্যাচে খেলেছেন বাংলাদেশের হয়ে। এই সময়ের মধ্যে তিনি ৩৯টি উইকেটসহ ২ হাজার ৬৯৫ রান যোগ করেন তার ক্যারিয়ারে।আন্তর্জাতিক বিরতি সত্ত্বেও ঘরোয়া অঙ্গনে সক্রিয় ছিলেন তিনি। এছাড়া সম্প্রতি ঢাকা প্রিমিয়ার ডিভিশন ক্রিকেট লিগে প্রাইম ব্যাংক ক্রিকেট ক্লাবের হয়ে খেলেছেন নাসির।নাসিরের ওপর আরোপিত নিষেধাজ্ঞার মেয়াদ শেষ হবে ২০২৫ সালের ৭ এপ্রিল। নিষেধাজ্ঞার স্থগিত অংশের জন্য নির্ধারিত শর্ত পূরণ করলে, নাসির আন্তর্জাতিক ক্রিকেটে আবার ফিরতে পারবেন বলে জানিয়েছেন ক্রিকেট কর্মকর্তারা।
(ভোয়া ওয়েব পেজ: ১৬.০১.২০২৪ রুবাইয়া)

## স্বতন্ত্রদের বিরোধী দল হতে অনীহা, আসল বিরোধী দল জাপা?

দ্বাদশ জাতীয় সংসদের সংসদ সদস্য ও নতুন সরকারের মন্ত্রীসভার মন্ত্রীদের শপথগ্রহণ হয়ে গেলেও এখনও স্পষ্ট হয়নি কারা হচ্ছেন প্রধান বিরোধী দল। কারণ, এবারের সংসদে দ্বিতীয় সংখ্যাগরিষ্ঠ স্বতন্ত্র সংসদ সদস্যরা। তবে বিজয়ী ৬২ জন স্বতন্ত্রদের মধ্যে ৫৮ জন আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে যুক্ত থাকায় বিরোধী জোট গঠন নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। অন্যদিকে সংখ্যায় কম হওয়ায় সংসদের দ্বিতীয় সংখ্যাগরিষ্ঠ দল জাতীয় পার্টির বিরোধী দল হওয়া না হওয়া নির্ভর করছে স্বতন্ত্রদের সিদ্ধান্তের ওপর। আর এই জটিলতায় সংসদে প্রধান বিরোধী দল কারা হচ্ছেন এবং কে প্রধান বিরোধী নেতা হচ্ছেন তার জন্য অপেক্ষায় থাকতে হচ্ছে।

### দেশের প্রথম ও ষষ্ঠ সংসদে বিরোধী দল ছিলো না

বাংলাদেশের বিগত ১১টি সংসদের মধ্যে প্রথম সংসদে বিরোধী দল ছিল না। তারমধ্যে ১৯৭৩ সালের প্রথম সংসদ আওয়ামী লীগ ২৯৩টি আসন পেয়েছিলো। তখন সংসদীয় দল ও গ্রুপ সম্পর্কে সংসদের প্রথম অধিবেশনকালেই বিতর্ক ওঠে। সরকার দলীয় একজন সদস্য সংসদে সরকারের বিরোধিতাকারী সদস্যদের 'তথাকথিত বিরোধী দল' হিসেবে আখ্যা দিলে সরকারের বিরোধিতাকারী গ্রুপের এক সদস্য আপত্তি তুলেন। বলেছিলেন আমরা সরকার কর্তৃক স্বীকৃত বিরোধী দল। বিরোধী দলীয় নেতার অনুকূলে সংসদে একটি কক্ষ বরাদ্দ হওয়ার কথা বলেছিলেন। ওই যুক্তিতে জাতীয় লীগের সংসদ সদস্য আতাউর রহমান খানকে বিরোধী দলীয় নেতার স্বীকৃতির দাবি তোলা হয়। বিষয়টি নিয়ে সংসদে ২০ মিনিটের বিতর্কও হয়। এই নিয়ে সংসদের কার্যবিবরণীতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের একটি লিখিত বক্তব্য পাওয়া যায়। সংসদ নেতা হিসেবে বঙ্গবন্ধুর যুক্তি ছিল, ২৫ জনের কম সদস্য নিয়ে গঠিত কোনও দলকে বিরোধী দল হিসেবে স্বীকৃতি দেওয়া যায় না। তবে ২৫ জনের কম সদস্য নিয়ে কোনও দল গঠিত হলে এবং ওই দলে কমপক্ষে ১০ জন সদস্য থাকলে ওই দলকে পার্লামেন্টারি গ্রুপ বলা যেতে পারে। কিন্তু সংসদীয় দল বলা যাবে না। যার প্রেক্ষাপটে প্রথম সংসদে কোনা বিরোধী দল ছিলো না। এছাড়া ১৯৯৬ সালের ষষ্ঠ সংসদে বিএনপির বাইরে একটি রাজনৈতিক দলের একজন মাত্র সংসদ সদস্য থাকায় কোনও বিরোধী দল ছিলো না।

### সংবিধান কী বলে?

বাংলাদেশের সংবিধান এবং সংসদের কার্যপ্রণালি বিধিতে বিরোধী দল হতে হলেও কতজন সংসদ সদস্য লাগবে তার সংখ্যার উল্লেখ নেই। তবে কার্যপ্রণালি বিধির সংজ্ঞার 'ট' ধারায় উল্লেখ করা হয়েছে- ''বিরোধী দলীয় নেতা'' অর্থ স্পীকারের বিবেচনামত যে সংসদ সদস্য সংসদে সরকারী দলের বিরোধীতাকারী সর্বোচ্চ সংখ্যক সদস্য লইয়া গঠিত দল ও অধিসঙ্গের নেতা। এ ছাড়া 'বিরোধী দলের নেতা এবং উপনেতা (পারিতোষিক ও বিশেষাধিকার)' আইনেও একই সংজ্ঞা দেওয়া আছে। সংবিধান বিশেজ্ঞরা বলছেন, সংবিধানে বিরোধী দল নিয়ে কিছু বলা নেই। কিন্তু সংসদের কার্যাপ্রণালী বিধি অনুযায়ী সংসদের দ্বিতীয় সংখ্যাগরিষ্ঠ হল হবে বিরোধী দল; তাদের মনোনীত ব্যক্তি হবে বিরোধী দলীয় নেতা। সেইক্ষেত্রে এবারের সংসদে বিরোধী দল হওয়ার ক্ষেত্রে অগ্রধিকার পাবে বিজয়ী ৬২ স্বতন্ত্র সংসদ সদস্যরা। কিন্তু এক্ষেত্রে তাদের জোট বা মোর্চা গঠন করে স্পীকারকে জানাতে হবে। আর তারা জোট গঠন না করলে দ্বিতীয় সংখ্যাগরিষ্ঠ দল হিসেবে জাতীয় পার্টিই বিরোধী দল হবে; তাদের মনোনীত ব্যক্তি হবেন বিরোধী দলীয় নেতা। এই প্রসঙ্গে সাবেক আইনমন্ত্রী ব্যারিস্টার শফিক আহমেদ ভয়েস অফ আমেরিকাকে বলেন, "আমাদের সংবিধানে বিরোধী দল নিয়ে কোনও বক্তব্য নেই। যেটা আছে তা হলো সংসদের কার্যপ্রণালী বিধি। সেখানে বলা আছে- সংসদের বিরোধী দলীয় নেতা হবেন সংসদের দ্বিতীয় সংখ্যাগরিষ্ঠ দল থেকে। সেটা কোনও সংখ্যাগরিষ্ঠ দল থেকেও হতে পারে আবার কোনও সংখ্যাগরিষ্ঠ জোট থেকেও। সুতরাং দল বা জোট যারা সংসদে দ্বিতীয় সংখ্যাগরিষ্ঠ হবেন তারাই বিরোধী দল হবেন। তাদের থেকে বিরোধী দলীয় নেতা হবে। এখন এককভাবে স্পীকারের সিদ্ধান্ত হবে, সংসদে কে সংখ্যাগরিষ্ঠ। সংসদে তো দ্বিতীয় সংখ্যাগরিষ্ঠ স্বতন্ত্ররা আর দল হিসেবে জাতীয় পার্টি, তাহলে কারা বিরোধী হবেন-

জানতে চাইলে এই সংবিধান বিশেষজ্ঞ বলেন, "স্বতন্ত্ররা যদি কোনও জোট বা মোর্চা না করে তাহলে তারা বিরোধী দল হতে পারবে না। কারণ তারা কোনও দলের প্রতীকে নির্বাচন করে নাই। এইক্ষেত্রে জাতীয় পার্টির ১১ টি আসন নিয়ে দ্বিতীয় সংখ্যাগরিষ্ঠ হিসেবে বিরোধী দল হবে। তবে, স্বতন্ত্ররা ৬২ জন মিলে (যদি) কোনও জোট করে, বা যা জাপার ১১ জনের বেশি জোট হয় সেইক্ষেত্রে তারা বিরোধী দল হতে পারবে। রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, সংবিধানে বিরোধী দল হতে হলে কতজন সংসদ সদস্য লাগবে তা বলা না থাকলেও বঙ্গবন্ধুর একটি বক্তব্য আছে। সেই বক্তব্য অনুযায়ী ১১ জন নিয়ে জাতীয় পার্টির বিরোধী দল হওয়া নিয়ে প্রশ্ন রয়েছে। কারণ বঙ্গবন্ধুর বক্তব্য ছিলো বিরোধী দল হতে হলে ন্যূনতম ২৫ জন সংসদ সদস্য লাগবে। এই প্রসঙ্গে সুশাসনের জন্য নাগরিক সুজন সম্পাদক বদিউল আলম মজুমদার ভয়েস অফ আমেরিকাকে বলেন, "আমি যতটুকু জানি, বঙ্গবন্ধুর আমলে বিরোধী দল হওয়ার জন্য ন্যূনতম একটা একটি সংখ্যা নির্ধারণ করা হয়েছিলো। সেই সংখ্যাটা ছিলো ২৫ জন। যদিও আমি জানি না, তার আইনী কিংবা অন্য কোনও বৈধতা আছে কি না। তবে, সেই কনভেনশন যদি ধরি তাহলে এই সংসদে জাতীয় পার্টি বিরোধী দল হতে পারবে না। তাহলে স্বতন্ত্রদের মধ্যে থেকে বা স্বতন্ত্র ও জাতীয় পার্টি মিলে বিরোধী দল হতে হবে। এখন দেখার বিষয় এটা কি ঘটে।

**বিরোধী দল হতে 'অনীহা' কেন স্বতন্ত্রদের?**

বিএনপিবিহীন আসন সমঝোতার এই নির্বাচনে এবারই সর্বোচ্চ ৬২ জন স্বতন্ত্র সংসদ সদস্য নির্বাচিত হন। তাদের মধ্যে ৫৮ জন আওয়ামী লীগের বিভিন্ন কমিটিতে পদে এবং রাজনীতিতে জড়িত আছেন। তারা বলছেন বিএনপিবিহীন নির্বাচনকে প্রতিযোগিতামূলক করতে স্বতন্ত্র প্রার্থী হতে দলের পক্ষ থেকে নির্দেশ দেওয়া হয়েছিলো। তাই যারা স্বতন্ত্র প্রার্থী হয়েছেন তাদেরকে সাজা (দল থেকে বহিষ্কার করা হয়নি) দেওয়া হয়নি। ফলে, এখন আমাদের মূল লক্ষ্য হচ্ছে ঘরের ছেলে ঘরে ফিরেই যাওয়া। তবে, দলের শীর্ষ পর্যায় থেকে বিরোধী দল হতে নির্দেশনা দেওয়া হলে স্বতন্ত্রের মধ্যে জোট করতে আপত্তি নেই। আওয়ামী লীগের গঠতন্ত্রে বলা হয়েছে- জাতীয় ও স্থানীয় সরকার নির্বাচনে কেউ দলীয় প্রার্থীর বিরুদ্ধে প্রার্থী হলে দল হইতে সরাসরি বহিষ্কার হবেন এবং যারা দলীয় প্রার্থীর বিরোধিতা করবেন, তারা তদন্তসাপেক্ষ মূল দল বা সহযোগী সংগঠন হইতে বহিষ্কৃত হবেন। কিন্তু এবারের নির্বাচনে দলীয় প্রধানের বক্তব্যের পর যারা আওয়ামী লীগের নৌকা প্রতীকের বিরুদ্ধে স্বতন্ত্র প্রার্থী হয়েছেন তাদেরকে দল থেকে বহিষ্কার করা হয়নি। গত ২৬ নভেম্বর আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী নেতাদের সঙ্গে গণভবনে মত বিনিময় সভায় দলের সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছিলেন- ২০১৪ সালের নির্বাচনের মতো কোনও আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় পাস দেখতে চান না। সব আসনেই যেন 'ডামি (বিকল্প)' প্রার্থী থাকে। নির্বাচনের আগে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরও একাধিকবার বলেছেন "সময়ের প্রয়োজনে কৌশল পরিবর্তন করে এগোচ্ছে আওয়ামী লীগ। নেত্রীর গাইডলাইন ফলো করে ডামি বা স্বতন্ত্র প্রার্থী হতে বাধা নেই। দলের স্বতন্ত্র প্রার্থীদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হবে না বলেও জানান তিনি।

বরিশাল-৪ আসন থেকে স্বতন্ত্র প্রার্থী জয়ী হয়েছেন পঙ্কজ দেব নাথ। তিনি ভয়েস অফ আমেরিকাকে বলেন, "আমি দলের মনোনয়ন চেয়েছিলাম। কিন্তু নেত্রী আমাকে মনোনয়ন দিতে পারেন নাই। তবে, বলে দিয়েছেন, চাইলে যে কেউ স্বতন্ত্র প্রার্থী হতে পারবেন। তার জন্য দল তাকে কোনও শাস্তি দেবে না। তাই স্বতন্ত্র প্রার্থী হয়েছিলাম। তিনি আরও বলেন, আমি আওয়ামী লীগের লোক বঙ্গবন্ধু ও নেত্রীর আর্দশে রাজনীতি করি। ফলে কোনও বিরোধী জোট করার আমার লক্ষ্য নেই। আওয়ামী লীগের লোক হিসেবে দলে ফিরে যাওয়াই আমার লক্ষ্য।

আওয়ামী লীগের মনোনয়ন না পেয়ে গাজীপুর-৫ থেকে স্বতন্ত্র প্রার্থী জয়ী হয়েছেন আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক আখতারুজ্জামান। তিনি ভয়েস অফ আমেরিকাকে বলেন "আমরা তো আওয়ামী লীগ করি। আওয়ামী লীগের এমপি ছিলাম। এখন কেন্দ্রীয় কমিটির সদস্য। দলের মনোনয়ন চেয়েছিলাম, তো সবাইকে তো দেওয়া সম্ভব হয়নি। কিন্তু নেত্রী শেখ হাসিনা জানিয়েছেলেন যে, সবাইকে তো মনোনয়ন দিতে পারি নাই। তবে বিনা প্রতিদ্বন্দ্বিতায় এমপি হতে পারবে না। তাই বলে দিয়েছেন- দল থেকে স্বতন্ত্র প্রার্থী হতে কারও কোনও সমস্যা নেই। তিনি আরও বলেন তখন আমার সংসদীয় আসনের আওয়ামী লীগের নেতারা এসে বললেন, যেহেতু নেত্রী নির্বাচনকে প্রতিযোগিতামূলক করতে এবং বেশি সংখ্যাক ভোটার চাচ্ছেন তাই আপনি স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচন করতে পারেন। তখন আমি স্বতন্ত্র নির্বাচন করেছি। ভোটারদের আমি শেখ হাসিনার উন্নয়নের কথা বলে ভোট চেয়েছি। তারা আমাকে ভোট দিয়েছে। কিন্তু, আমি তো আওয়ামী লীগের লোক। তাই আওয়ামী লীগ যতক্ষণ না পর্যন্ত বলছে, স্বতন্ত্র হিসেবে আমি আওয়ামী লীগের হয়ে কাজ করতে চাই। অন্য কোনও বিরোধী জোট করতে চাই না। তবে আওয়ামী লীগ থেকে যে নির্দেশ দিবে, সেই অনুযায়ী কাজ করবো। তিনি আরও বলেন এখন পর্যন্ত আওয়ামী লীগ থেকে নির্দেশনা নেই বিরোধী দল হওয়ার জন্য। আশা করছি আমরা একটা দিক নির্দেশনা পাবো, সেই অনুযায়ী কাজ করবো। দলীয় মনোনয়ন চেয়ে না পেয়ে

মাদারীপুর-৩ আসন স্বতন্ত্র প্রার্থী জয়ী হয়েছেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি তাহমিনা বেগম। তিনি ভয়েস অফ আমেরিকা বলেন, "বিরোধী দল নিয়ে চিন্তা করবে কেন্দ্রীয় নেতারা। তারা যে সিদ্ধান্ত নেবেন সেই মোতাবেক কাজ হবে। আমি বিরোধী দলে যাবো না। বিশেষ নির্দেশ না আসলে আমি কখনও বিরোধী দলে যাবো না। প্রয়োজনে একাই স্বতন্ত্র সংসদ সদস্য হিসেবে থাকব যতক্ষণ না পর্যন্ত বিরোধী দলের যাওয়ার বিশেষ নির্দেশনা না আসে।

হবিগঞ্জ-১ আসন থেকে স্বতন্ত্র প্রার্থী হিসেবে বিজয়ী হয়েছেন গত সংসদের আওয়ামী লীগের সংরক্ষিত আসনে সংসদ সদস্য আমাতুল কিবরিয়া কেয়া চৌধুরী। তিনি ভয়েস অফ আমেরিকাকে বলেন, আমি আওয়ামী লীগের লোক। গত সংসদে আওয়ামী লীগের এমপি ছিলাম। এখনও আওয়ামী লীগের নেতাকর্মীরা ও জনগণ ভোট দিয়ে আমাকে এমপি বানিয়েছে। সংসদে স্বতন্ত্র হিসেবে জনগণের জন্য কাজ করতে চাই। কোনও বিরোধী জোট বা দলে যাওয়ার আমার ব্যক্তিগত ইচ্ছা নেই বলে জানিয়ে কেয়া চৌধুরী বলেন, "তবে, দলের শীর্ষ পর্যায় থেকে বিরোধী দল বা জোট করার যদি কোনও নির্দেশনা আসে তখন সেই অনুযায়ী কাজ করবো।

**আমরা আসল বিরোধী দল: জাতীয় পার্টির চুন্নু**

নির্বাচনে জয়ী স্বতন্ত্ররা আলাদা জোট করে সংসদে বিরোধী দল হয়ে সুযোগ-সুবিধা নিতে পারবে। কিন্তু, তারা সরকারের সমালোচনা করতে পারবে না বলে মনে করেন জাতীয় পার্টির মহাসচিব মুজিবুল হক চুন্ন। তার দাবি সংসদে তারা 'আসল' বিরোধী দল, "বিরোধী দলের আসনে আমরা বসবো। আমরা সরকারের সমালোচনা করবো। তিনি ভয়েস অফ আমেরিকাকে বলেন, "সংসদে আমরাই বিরোধী দল। আমরা সরকারের সঙ্গে কিংবা মন্ত্রীসভায় যাইনি। তাহলে আমরা বিরোধী দল কিনা প্রশ্ন আসবে কেন? বিরোধী দল না হলে আমরা তো সরকারেই থাকতাম। আমরা তো আওয়ামী লীগের লোক এনে পাশ করি নাই। জাপা মহাসচিব আরও বলেন এখন স্পীকার কাউকে বিরোধী দল হিসেবে স্বীকৃতি দিলে তারা সুযোগ-সুবিধা ভোগ করতে পারবে। কিন্তু রিয়েল অপজিশন তা আমরা। একমাত্র বিরোধী দল জাতীয় পার্টি।

**৭ জানুয়ারির নির্বাচন**

দ্বাদশ সংসদ নির্বাচনে বেসরকারি ফলাফলে ২৯৮ টি আসনের মধ্যে এককভাবে ২২২ আসনে জয়ী হয়ে টানা চতুর্থবার সরকার গঠন করেছে ক্ষমতাসীন দল আওয়ামী লীগ। বিএনপিসহ ৬৩টি রাজনৈতিক দলের বর্জন করা এ নির্বাচনে নির্বাচন কমিশনের দেয়া দেয়া তথ্য মতে ভোটার উপস্থিতি ছিল ৪১ দশমিক ৮ শতাংশ। অফিসিয়াল এই ফিগার-এর বিশ্বাসযোগ্যতা নিয়ে দেশে-বিদেশে প্রশ্ন উঠেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ১৯৭৫ এর পর এটিই বাংলাদেশে হওয়া সবচেয়ে অবাধ ও সুষ্ঠু নির্বাচন যদিও বিএনপিসহ, দেশি-বিদেশি অনেকেই এই নির্বাচনকে "ডামি নির্বাচন বলে দাবি করেছেন। যুক্তরাষ্ট্র সরকারের পররাষ্ট্র দফতর এক বিবৃতিতে জানিয়েছে যে তারা মনে করে, নির্বাচন অবাধ বা সুষ্ঠু ছিল না। রাজনৈতিক বিরোধীদলের হাজার হাজার সদস্যের গ্রেপ্তার এবং নির্বাচনের দিন নানা অনিয়মের প্রতিবেদনে যুক্তরাষ্ট্র উদ্বিগ্ন। বিবৃতিতে আরও বলা হয় অন্যান্য পর্যবেক্ষকদের সাথে যুক্তরাষ্ট্র এই বিষয়ে অভিন্ন মতামত পোষণ করে যে, এই নির্বাচন অবাধ বা সুষ্ঠু ছিল না এবং আমরা দুঃখিত যে সব দল এতে অংশগ্রহণ করেনি। ব্রিটেনও তাদের বিবৃতিতে বাংলাদেশে সাধারণ নির্বাচনের সময় সংঘটিত ভীতি প্রদর্শন ও সহিংসতার ঘটনার নিন্দা জানিয়েছে এবং বিরোধী দলের সদস্যদের গ্রেপ্তার নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে। ব্রিটেনের পররাষ্ট্র দফতর এক বিবৃতিতে বলেছে, "গণতান্ত্রিক নির্বাচন নির্ভর করে বিশ্বাসযোগ্য, অবাধ এবং সুষ্ঠু প্রতিযোগিতার উপর। মানবাধিকার, আইনের শাসন এবং যথাযথ প্রক্রিয়ার প্রতি শ্রদ্ধা গণতান্ত্রিক প্রক্রিয়ার অপরিহার্য উপাদান। নির্বাচনের সময় এই মানদণ্ডগুলি ধারাবাহিকভাবে মেনে চলা হয়নি। (ভোয়া ওয়েব পেজ: ১৬.০১.২০২৪ রুবাইয়া)

**শেখ হাসিনা: সাত জানুয়ারির নির্বাচন গণতন্ত্র ও ভোটাধিকার নিশ্চিত করেছে**

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন ৭ জানুয়ারির নির্বাচনে আওয়ামী লীগের নিরঙ্কুশ বিজয় বাংলাদেশ ও দেশের জনগণের বিজয় এবং গণতন্ত্র ও উন্নয়নের ধারাবাহিকতার বিজয়। মঙ্গলবার (১৬ জানুয়ারি) গণভবনে শতাধিক প্রবাসী আওয়ামী লীগ নেতা তাকে অভিনন্দন জানাতে আসলে এ কথা বলেন শেখ হাসিনা। আওয়ামী লীগের সভানেত্রী বলেন তার সরকার এই মাসের নির্বাচনে জনগণের ভোটাধিকার নিশ্চিত করতে সক্ষম হয়েছে। আমরা জনগণের সাংবিধানিক অধিকার নিশ্চিত করেছি, বলেন তিনি। শেখ হাসিনা আরো বলেন এই নির্বাচন অত্যন্ত প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হয়েছে। কারণ আওয়ামী লীগ সবাইকে প্রতিদ্বন্দ্বিতা করার সুযোগ দিয়েছে। আমরা আমাদের প্রার্থীদের নির্বাচনি প্রতীক নৌকা দিয়েছি এবং আগ্রহী দলের অন্যদের নির্বাচনে অংশ নিতে বলেছি যোগ করেন শেখ হাসিনা। বিএনপি নির্বাচনে অংশ নেয়নি উল্লেখ করে শেখ হাসিনা প্রশ্ন করেন তারা কীভাবে নির্বাচনে আসবে। তিনি বলেন ২০০৮ সালের নির্বাচনে বিএনপি তাদের ২০ দলীয় জোট নিয়ে মাত্র ৩০টি আসন পেয়েছিলো। আওয়ামী লীগ একাই পেয়েছিলো ২৩৩টি আসন। এ প্রসঙ্গে আওয়ামী লীগ সভাপতি বলেন, অনেকেই ভেবেছিলেন সাংগঠনিক শক্তি বিবেচনায় বিএনপি আওয়ামী লীগের সমান। ২০০৮ সালের নির্বাচনে তা ভুল প্রমাণিত হয়। বাংলাদেশের প্রধানমন্ত্রী বলেন, বিএনপি কখনই নির্বাচন চায়নি। তারা নির্বাচন নষ্ট করতে অগ্নিসন্ত্রাস করে মানুষ হত্যা করেছে, ট্রেনে আগুন ধরিয়ে দিয়েছে। তারা (বিএনপি) যতই অগ্নিসংযোগ করবে ততই জনগণ তাদের প্রত্যাখ্যান করবে। তারা জানে যে, জনগণ তাদের প্রত্যাখ্যান করেছে বলেন, শেখ হাসিনা। আওয়ামী লীগ সভানেত্রী বলেন, "এ কারণেই বিএনপি নির্বাচনে অংশ নিতে চায় না। বরং তারা নির্বাচন নষ্ট করতে চেয়েছিলো এবং ক্ষমতায় আসার জন্য অবৈধ উপায় খুঁজছিলো।"

**৭ জানুয়ারির নির্বাচন**

উল্লেখ্য ৭ জানুয়ারি ২০২৪ এ অনুষ্ঠিত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ৩০০ আসনের ঘোষিত ২৯৮ টির মধ্যে ২২২টিতে জিতে দুই তৃতীয়াংশের ওপর সংখ্যাগরিষ্ঠতা নিয়ে টানা চতুর্থবার সরকার গঠন করেছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ। নির্বাচনে অংশ নেয় ২৮টি দল। এর মধ্যে ২৪টি দল থেকে একজনও জয়লাভ করেনি। আর হেরে যাওয়া প্রার্থীদের মধ্যে একজন ছাড়া বাকি সবাই জামানত হারিয়েছেন। এ নির্বাচনে জাতীয় পার্টির ১১ ও

জাসদ ওয়ার্কার্স পার্টি ও কল্যাণ পার্টি থেকে জিতেছেন ১ জন করে। এদের মধ্যে, জাতীয় পার্টির ১১ জনই জয়ী হয়েছেন আওয়ামী লীগের সমর্থন নিয়ে, যেসব জায়গা থেকে আওয়ামী লীগ তাদের প্রার্থী প্রত্যাহার করে নিয়েছিলো, সেসব নির্বাচনী এলাকায়। জাসদ ও ওয়ার্কার্স পার্টির প্রার্থীরা জয়ী হয়েছেন নৌকা নিয়ে লড়ে, আর কল্যাণ পার্টিও তার আসনটি জিতেছে আওয়ামী লীগের সমর্থন নিয়ে। বিজয়ী ৬২ জন স্বতন্ত্র প্রার্থীর মধ্যে ৫৮ জনই আওয়ামী লীগের নেতা।

**নির্বাচন নিয়ে বিএনপির প্রতিক্রিয়া**

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি ৭ জানুয়ারির নির্বাচনকে একতরফা বলে উল্লেখ করেছে। আর, নির্বাচন বর্জনে বিএনপির আহ্বানে সাড়া দিয়ে ভোটকেন্দ্রে না যাওয়ার জন্য ভোটারদের অভিনন্দন জানায় দলটি। বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আবদুল মঈন খান দাবি করেন নির্বাচন বর্জনে তাদের আহ্বান সফল হয়েছে। গত ৭ জানুয়ারি গুলশানে নিজ বাসভবনে সাংবাদিকদের কাছে তিনি এই দাবি করেন। তিনি বলেন, বাংলাদেশের ভোটাররা কীভাবে নির্বাচন প্রত্যাখ্যান করেছে, তা দেশের জনগণ এবং সমগ্র বিশ্ব প্রত্যক্ষ করেছে। মঈন খান আরো বলেন, ক্ষমতাসীন দলের অনেক সমর্থক ভোটকেন্দ্রে যাননি, কারণ তারা জানতেন যে, তাদের প্রার্থীদের বিজয় নিশ্চিত।

(ভোয়া ওয়েব পেজ: ১৬.০১.২০২৪ রুবাইয়া)

## রোহিঙ্গা ক্যাম্পে অগ্নিকাণ্ড : ক্ষতিগ্রস্তদের সহায়তা দিচ্ছে ইউরোপীয় ইউনিয়ন

বাংলাদেশের কক্সবাজার জেলার রোহিঙ্গা শরণার্থী শিবিরগুলোর একটিতে সাম্প্রতিক অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের সহায়তার জন্য ৩ লাখ ইউরো বরাদ্দ দিয়েছে ইউরোপীয় ইউনিয়ন। সাম্প্রতিক আগুনের ঘটনায় শরণার্থী শিবিরের অন্তত পাঁচ হাজার মানুষ আশ্রয়হীন হয়ে পড়েছে। ঢাকায় অবস্থিত ইইউ দূতাবাস মঙ্গলবার (১৬ জানুয়ারি) জানিয়েছে, ক্ষতিগ্রস্ত রোহিঙ্গাদের সবচেয়ে জরুরি প্রয়োজনে; বিশেষ করে আশ্রয়, তাঁবু, পানি ও সেখানকার উন্নয়নের জন্য তাৎক্ষণিক জরুরি সহায়তা দিতে কাজে লাগানো হবে এই তহবিল। এই সহায়তার অর্থ জাতিসংঘ শরণার্থী সংস্থার (ইউএনএইচসিআর) মাধ্যমে ব্যয় হবে এবং অন্যান্য মানবিক অংশীদারদের প্রচেষ্টার সহায়ক হবে বলে জানায় ইইউ দূতাবাস । সবচেয়ে ঘনবসতিপূর্ণ শিবিরগুলোর মধ্যে একটি হলো ক্যাম্প-৫। এই ক্যাম্পে গত ৭ জানুয়ারি ভোরে ভয়াবহ আগুন ছড়িয়ে পড়ে। এতে প্রায় ৯৫০টি আশ্রয়কেন্দ্র পুড়ে যায়। অগ্নিকাণ্ডে একটি স্বাস্থ্য কেন্দ্র, ১৫টি শিক্ষা কেন্দ্র অসংখ্য শৌচাগার ও ওয়াশরুম ক্ষতিগ্রস্ত হয়েছে। ব্যাপক ক্ষয়ক্ষতি সত্ত্বেও, রোহিঙ্গা সম্প্রদায়ের স্বেচ্ছাসেবকদের সহায়তা ও ফায়ার ব্রিগেডের দ্রুত হস্তক্ষেপের কারণে কোনো হতাহতের ঘটনা ঘটেনি। ঘনবসতিপূর্ণ শিবিরগুলোতে মাঝে-মধ্যেই আগুন লাগে। এমন পরিস্থিতিতে, ইউরোপীয় ইউনিয়নের এই অর্থায়ন; দুর্যোগ প্রস্তুতি কর্মসূচির মানবিক অংশীদারদের শিবির কাঠামো শক্তিশালী করতে এবং এ ধরনের ঝুঁকি মোকাবেলায় আরো ভালোভাবে প্রস্তুত হতে সহায়তা করেছে। নতুন এই বরাদ্দ দেয়ার আগে, রোহিঙ্গা শরণার্থী সংকট মোকাবেলায় এবং প্রাকৃতিক দুর্যোগের প্রভাব কমাতে, গত বছর বাংলাদেশকে মানবিক সহায়তা হিসেবে ৩ কোটি ৮০ লাখ ইউরোর বেশি অর্থ সহায়তা দিয়েছে ইইউ । গত মার্চে আরেকটি অগ্নিকাণ্ডে কক্সবাজারের শরণার্থী শিবিরে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। সে সময় ইইউ ক্ষতিগ্রস্ত শরণার্থীদের সহায়তার জন্য ১০ লাখ ইউরো সহায়তা করেছিলো। (ভোয়া ওয়েব পেজ: ১৬.০১.২০২৪ রুবাইয়া)

## বাংলাদেশ সুপ্রিম কোর্ট: ফিলিস্তিনি শিশুদের রক্ষায় জাতিসংঘ মহাসচিবকে চিঠি

ফিলিস্তিনি শিশুদের রক্ষায় জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেসকে চিঠি দিয়েছে বাংলাদেশ সুপ্রিম কোর্টের চাইল্ড রাইটস কমিটি। কমিটির সভাপতি ও আপিল বিভাগের বিচারপতি এম ইনায়েতুর রহিমের স্বাক্ষরে এই চিঠি পাঠানো হয়। মঙ্গলবার (১৬ জানুয়ারি) আপিল বিভাগের রেজিস্ট্রার মোহাম্মদ সাইফুর রহমান চিঠি পাঠানোর বিষয়টি নিশ্চিত করেছেন। সাইফুর রহমান জানান ফিলিস্তিনের গাজায় শিশুদের নিরাপত্তা প্রদানে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য ১৪ জানুয়ারি জাতিসংঘ মহাসচিবকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে সুপ্রিম কোর্ট চাইল্ড রাইটস কমিটি চিঠি পাঠিয়েছে। তিনি আরো জানান প্রধান বিচারপতির নির্দেশনা অনুযায়ী এ চিঠি পাঠানো হয়েছে। চিঠিতে বলা হয়েছে, ফিলিস্তিনের গাজার সংঘাতপূর্ণ অঞ্চলে জাতিসংঘের শিশু অধিকার কনভেনশনের (ইউএনসিআরসি) অনুচ্ছেদ ৩৮ (১) ও (৪) এবং অন্যান্য আন্তর্জাতিক আইনের সুস্পষ্ট লঙ্ঘনের ফলে গভীরভাবে উদ্বিগ্ন সুপ্রিম কোর্ট চাইল্ড রাইটস কমিটি ।শিশুদের জীবন ও সামগ্রিক কল্যাণের জন্য, শিশুদের বিরুদ্ধে সব ধরনের সহিংসতার অবসান, শান্তি প্রতিষ্ঠার জন্য কার্যকর কূটনৈতিক হস্তক্ষেপ-এর সূচনা, শিশুদের জন্য প্রয়োজনীয় মানবিক সহায়তা প্রদান এবং যথাযথ আন্তর্জাতিক ব্যবস্থা প্রয়োগসহ দ্রুত ও উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য আন্তরিকভাবে অনুরোধ করা হয়েছে চিঠিতে ।চিঠিতে উল্লেখ করা হয়, "বিশ্বের সব শিশুর আনন্দ ও সমৃদ্ধি নিশ্চিতকরণে যেহেতু আমাদের সমষ্টিগত নৈতিক দায়বদ্ধতা রয়েছে, সেহেতু বিশ্বের শিশুদের প্রতিপালন ও উন্নতি বিধানকল্পে জাতিসংঘের সব উদ্যোগে সমর্থন ও অবদান রাখতে সুপ্রিম কোর্টের চাইল্ড রাইটস কমিটি বদ্ধপরিকর। সুপ্রিম কোর্ট চাইল্ড রাইটস কমিটির সদস্য বিচারপতিরা হলেন; বিচারপতি নাইমা হায়দার, বিচারপতি শেখ হাসান আরিফ, বিচারপতি নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি খিজির আহমেদ চৌধুরী।

(ভোয়া ওয়েব পেজ: ১৬.০১.২০২৪ রুবাইয়া)

## প্রতিমন্ত্রী পলক : বাংলাদেশ-যুক্তরাষ্ট্রের মধ্যে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন হবে

বাংলাদেশের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক আশা প্রকাশ করেছেন যে আগামী ৫ বছরে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে নতুন নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন হবে। প্রতিমন্ত্রী পলক বলেন বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের সম্পর্ক যথেষ্ট ভালো। আগামী পাঁচ বছর নতুন সরকারের সঙ্গে আরো নতুন নতুন বিষয় নিয়ে সম্ভাবনার

দ্বারগুলো উন্মোচিত হবে। মঙ্গলবার (১৬ জানুয়ারি) সচিবালয়ে নিজ দপ্তরে, বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার ডি হাসের সঙ্গে এক বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। নির্বাচনের পর বাংলাদেশের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের কোনো ব্যবস্থা নেয়ার বিষয় আছে কি না এমন প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী পলক বলেন, নতুন মন্ত্রিসভার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির সঙ্গে একজন রাষ্ট্রদূত দেখা করলেন এবং ব্যবসা, বিনিয়োগ, কর্মসংস্থান, বিজ্ঞান-প্রযুক্তি-উদ্ভাবনসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করলেন। এরমধ্যে দিয়ে নিশ্চয়ই বুঝতে পারা যায় যে বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের সম্পর্ক যথেষ্ট ভালো রয়েছে। আমার কাছে ব্যক্তিগতভাবে সেটিই মনে হয়েছে যে, বাংলাদেশের ব্যাপারে বিশ্বের অন্য দেশগুলো খুব আগ্রহী। রাষ্ট্রদূত পিটার হাসের বিভিন্ন কথা ও আলোচনার বিষয়বস্তু থেকে আমার কাছে মনে হয়েছে, বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের ভবিষ্যতে যে বাণিজ্যিক সম্পর্ক ও সম্ভাবনার সম্পর্ক, এটা আরো বেশি সম্প্রসারণ হবে, আরো ঘনিষ্ঠ হবে যোগ করেন জুনাইদ আহমেদ পলক। প্রতিমন্ত্রী বলেন, স্মার্ট বাংলাদেশ রূপকল্প বাস্তবায়নে সবার সঙ্গে বন্ধুত্বের হাত বাড়ানো হয়েছে। সেখানে যুক্তরাষ্ট্রে বন্ধুত্ব আরো সুদৃঢ় হবে এবং দুই দেশ একসঙ্গে কাজ করবে। দুই দেশের জনগণের জন্য, সারা বিশ্বের জন্য কাজ করবে। আমার কাছে আজকের বৈঠক থেকে এটাই মনে হয়েছে বলেন প্রতিমন্ত্রী পলক। তিনি জানান যে আলোচনার মূল উদ্দেশ্য ছিলো তিনটি। যুক্তরাষ্ট্র, বাংলাদেশের সফটওয়্যার ও ফ্রিল্যান্সারদের আউটসোর্সিং এর সবচেয়ে বড় গন্তব্য। যে ৬০টি দেশে বাংলাদেশ সফটওয়্যার রপ্তানি করে, এগুলোর মধ্যে যুক্তরাষ্ট্র সবচেয়ে বড় গন্তব্য। প্রতিমন্ত্রী পলক জানান, ১০টি বিশ্ববিদ্যালয়ে রিসোর্স ইনোভেশন সেন্টার স্থাপন করার বিষয়ে রাষ্ট্রদূত হাসের সঙ্গে কথা হয়েছে। তিনি বলেন, যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয়গুলো ও সরকার তাতে কীভাবে সহযোগিতা করতে পারে, তা নিয়ে আলোচনা করেছি। বিনিয়োগ আকর্ষণের জন্য বাংলাদেশের ডাক বিভাগের সঙ্গে যুক্তরাষ্ট্র কীভাবে জি-টু-জি সহযোগিতা হতে পারে এবং অ্যামাজন, স্টারলিংক, স্পেসএক্স, গুগল ও ফেসবুকের মতো কোম্পানিগুলো কোন কোন ক্ষেত্রে আরো বিনিয়োগ করতে পারে, সেসব বিষয় নিয়ে কথা হয়েছে বলে জানান প্রতিমন্ত্রী পলক। প্রতিমন্ত্রী পলক জানান যে বাংলাদেশের স্টার্টআপ প্রতিষ্ঠানগুলোতে যুক্তরাষ্ট্রের প্রচুর বিনিয়োগ রয়েছে। বাংলাদেশে এখন ওরাকল, মাইক্রোসফটসহ বেশ কিছু আইটি কোম্পানি কাজ করছে। আরো অনেক কোম্পানি-কে বাংলাদেশে বিনিয়োগ বাড়াতে আকর্ষণ করতে চাই। সর্বশেষ সাইবার সিকিউরিটি নিয়ে পারস্পরিক সহযোগিতা ও সমন্বয় প্রয়োজন, সেগুলো নিয়ে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতের সঙ্গে কথা হয়েছে জানান প্রতিমন্ত্রী পলক।

**জন কার্বি : 'বাংলাদেশিদের প্রত্যাশা পূরণের বিষয়ে যুক্তরাষ্ট্র অবস্থান বদলায়নি'**

বাংলাদেশিদের প্রত্যাশা পূরণের বিষয়ে যুক্তরাষ্ট্র তার অবস্থান বদলায়নি বলে জানিয়েছেন দেশটির জাতীয় নিরাপত্তা পরিষদের (এনএসসি) কৌশলগত যোগাযোগবিষয়ক সমন্বয়ক জন কার্বি। ওয়াশিংটনে স্থানীয় সময় বুধবার (১০ জানুয়ারি) হোয়াইট হাউসে ব্রিফিংয়ে এক সাংবাদিক প্রশ্ন করেন, বাংলাদেশে একতরফা নির্বাচন শেষ হয়েছে, বিরোধীদের দমনপীড়নের জন্য বিশ্বব্যাপী সমালোচনা হচ্ছে। দ্য গার্ডিয়ান এই নির্বাচনকে 'বিরোধীদের ওপর নির্মম দমনপীড়নে আচ্ছন্ন' বলে চিহ্নিত করেছে। দ্য ওয়াল স্ট্রিট জার্নাল বলেছে, বাইডেনের গণতন্ত্র প্রচারের সীমাবদ্ধতা দেখিয়ে দিল বাংলাদেশ'। বাংলাদেশের জনগণের ইচ্ছার প্রতিফলন ঘটাতে প্রয়োজনীয় সব পদক্ষেপ গ্রহণ করার কথা আপনি বলেছিলেন। নির্বাচনের আগে আপনারা ভিসা নিষেধাজ্ঞার নীতি ঘোষণা করেছিলেন। গণতন্ত্র প্রচারে বাইডেন প্রশাসনের সীমাবদ্ধতা নিয়ে সমালোচনার বিষয়ে আপনার প্রতিক্রিয়া কী? এই প্রশ্নের জবাবে জন কার্বি বলেন আমরা অবশ্যই এখনো বিশ্বজুড়ে কার্যকর, গতিশীল গণতান্ত্রিক প্রতিষ্ঠানের গুরুত্বে বিশ্বাস করি এবং বাংলাদেশি জনগণের আশা-আকাঙ্ক্ষা পূরণের জন্য আমাদের ইচ্ছার কোনো পরিবর্তন হয়নি। আমাদের এ প্রত্যাশার মধ্যে অবাধ, সুষ্ঠু ও স্বচ্ছ নির্বাচন করার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। (ভোয়া ওয়েব পেজ: ১৬.০১.২০২৪ রুবাইয়া)

## রেডিও তেহরান

### লাইসেন্সবিহীন ক্লিনিক-হাসপাতাল বন্ধের নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

বাংলাদেশের নয়া স্বাস্থ্যমন্ত্রী লাইসেন্সবিহীন ক্লিনিক-হাসপাতাল বন্ধের নির্দেশ দিয়েছেন। নির্দেশ অমান্য করলে কঠোর ব্যবস্থা নেওয়ারও হুমকি দিয়েছেন তিনি। বিস্তারিত জানাচ্ছেন ঢাকা থেকে আমাদের সংবাদদাতা:

বাংলাদেশে লাইসেন্সবিহীন বেসরকারি হাসপাতাল-ডায়াগনস্টিক সেন্টার ও ক্লিনিকগুলো বন্ধের নির্দেশ দিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। তিনি বলেন, মালিকরা নিজেরাই যদি লাইসেন্স ছাড়া ক্লিনিক-হাসপাতাল বন্ধ না করে, তাহলে কঠিন পদক্ষেপ নেবে মন্ত্রণালয়। আজ মঙ্গলবার সকালে সচিবালয়ে তিনি এ নির্দেশ দেন। মন্ত্রী বলেন, লাইসেন্সবিহীন হাসপাতালের ভুক্তভোগী আমি নিজেও। সুতরাং আমি কখনোই এ বিষয়ে ছাড় দেব না। আপনারা জানেন, এরই মধ্যে আমি বলেছি দুর্নীতির বিরুদ্ধে আমার অবস্থান কঠোর থাকবে। তেমনি অনুমোদনবিহীন হাসপাতালের ব্যাপারেও ছাড় দেওয়া হবে না। শিশু আয়ানের মৃত্যু প্রসঙ্গে সামন্ত লাল বলেন, শিশু আয়ানের মৃত্যু খুবই দুঃখজনক ঘটনা। আয়ানের মৃত্যুর ঘটনায় যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। যতটুকু জানি আগামীকালই আয়ানের মৃত্যুর ঘটনায় গঠিত তদন্ত কমিটি প্রতিবেদন দেবে। চিকিৎসায় যদি কোনো অবহেলা থাকে তাহলে কোনো ছাড় দেওয়া হবে না স্পষ্ট করেছেন স্বাস্থ্যমন্ত্রী(স্বকণ্ঠে): আমি এ ধরনের কার্যক্রমের একদম কমপ্লিটলি বিরোধী। কোন অবৈধ কিংবা যাদের কোনো অনুমোদন নাই সেই সমস্ত ক্লিনিকের এগেনেস্টে। এতে কোন ছাড় দেওয়া হবে না। এর আগে ছেলের

মৃত্যুর সুষ্ঠু বিচারসহ চার দফা দাবি নিয়ে নতুন স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেনের সঙ্গে দেখা করেছেন, শিশু আয়ানের বাবা ও তার পরিবারের সদস্যরা। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৬.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

**পাহাড়ি জনপদে পর্যটন শিল্পের বিকাশ, খুলেছে সম্ভাবনার দুয়ার**

বাংলাদেশের পাহাড়ি জনপদে যোগাযোগ ব্যবস্থার উন্নতির ফলে পর্যটন শিল্পের বিকাশ ঘটেছে, খুলে গেছে সম্ভাবনার দুয়ার। এ সম্পর্কে এখন রয়েছে ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি পাঠানো প্রতিবেদন:

বাংলাদেশ সরকারের চোখ ধাঁধানো উন্নয়নের ছোঁয়ায় বদলে যাওয়া, পার্বত্য চট্টগ্রামের সড়কসহ নানামুখী অবকাঠামো উন্নয়নে, দুর্গম পাহাড়ি জনপদকে এখন আর দুর্গম মনে হয় না। বিশেষ করে উঁচু-নিচু পাহাড়ের গা ঘেঁষে নির্মিত শত শত কিলোমিটারের আঁকা-বাঁকা পিচঢালা মসৃণ পাহাড়ি সড়কগুলো, সব অসম্ভবকে এখন সম্ভব করে দিয়েছে। সম্ভাবনা তৈরি করছে পর্যটন শিল্প বিকাশে। কারণ পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তির পরে তৈরি করেছে পর্যটন শিল্পের বিকাশ। পাহাড়ের সকল ক্ষেত্রে উন্নয়নের গতি বেড়েছে অনেক গুণ। পার্বত্য এলাকায় সরকারের নানামুখী উন্নয়নে, এখন আর দুর্গম জনপদকে এখন আর বলা যায় না দুর্গম। কারণ বাস্তবমুখী উন্নয়নমূলক প্রকল্পে, পাহাড়ি সড়কগুলোতে ব্রিজ-কালভার্ট তৈরির ফলে, এক পাহাড় থেকে আরেক পাহাড়ের সঙ্গে যুক্ত হয়েছে যোগাযোগ। যেখানে গন্তব্যে পাড়ি দিতে একসময় দুই থেকে তিন দিন সময় লেগে যেত, এখন মাত্র কয়েক ঘণ্টায় যাওয়া-আসা করা যায় এই পার্বত্য জনপদে। যা পাহাড়ি জনপদের মানুষগুলোর কাছে স্বপ্নের মতো। এই সড়কগুলোতে নিয়মিত চলাচল করে সব ধরনের যানবাহন। পাশাপাশি নিরাপত্তা ব্যবস্থা জোরদারও করা হয়েছে। ব্যক্তি (এক) (স্বকণ্ঠে): সরকারের উন্নয়নের কারণে আজ রাঙ্গামাটি পার্বত্য জেলা আগে অনেক দুর্গম ছিল। উপজেলায় তো বর্তমানে এখন একদিনেই পৌঁছানো যায়। ব্যক্তি (দুই) (স্বকণ্ঠে): সরকারি রাস্তা-ঘাট বলেন, ব্রিজ-কালভার্ট বলেন বিভিন্ন দিকে অনেক দূর এগিয়ে গেছে। ব্যক্তি (তিন) (স্বকণ্ঠে): পার্বত্য অঞ্চলের পর্যটনটা যদি আরও একটু ভালো হয়, সরকার যদি নজর দেয় তাহলে আমাদের জন্য অনেক ভালো হয়। এবার শুধু পর্যটন খাতে উন্নয়ন করা গেলে পাল্টে যাবে রাঙামাটির চিত্র, বাড়বে পর্যটকের সংখ্যা, পরিবর্তন আসবে এই জনপদের মানুষের ভাগ্যের। এমনটাই মনে করছেন রাঙামাটি সদর উপজেলা চেয়ারম্যান, শামসুজ্জামান মহসিন রোমান (স্বকণ্ঠে): এখানে টুরিস্ট প্লেস আরও উন্নত মানের সুযোগ-সুবিধা সম্পন্ন একটি জেলা হিসেবে গড়ে উঠবে, সেটি বাস্তবায়ন করা হবে। আর প্রবীণ সাংবাদিক দৈনিক গিরিদর্পন পত্রিকার সম্পাদক একেএম মকসুদ আহমেদ বলেন, পার্বত্য এলাকায় যোগাযোগ ব্যবস্থা ছাড়াও শিক্ষা, স্বাস্থ্য, শিল্প কল-কারখানা, ক্ষুদ্র ও কুটির শিল্পেও বিভিন্ন উন্নয়ন হয়েছে সাম্প্রতিক সময়ে (স্বকণ্ঠে): যদি আরো কটেজ, মোটেল নতুন করা হয় তাহলে আমাদের পর্যটন খাতের আরো উন্নয়ন করতে পারব। যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের পাশাপাশি, পিছিয়ে পড়া পর্যটন খাতকে এগিয়ে নেয়া গেলে পরিবর্তন আসবে এই অঞ্চলের মানুষের ভাগ্যে, এগিয়ে যাবে পুরো পার্বত্য অঞ্চলও। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৬.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## এনএইচকে

**ভূমিকম্পে অন্যত্র আশ্রয় গ্রহণ করা ব্যক্তিদের ক্ষতিগ্রস্ত এলাকার বাইরে চলে যাওয়ার আহ্বান**

জাপানের প্রধানমন্ত্রী কিশিদা ফুমিও নববর্ষের দিনের শক্তিশালী ভূমিকম্পের পর অন্যত্র আশ্রয়গ্রহণকারীদেরকে ক্ষতিগ্রস্ত এলাকার বাইরে নতুন স্থাপনায় চলে যাওয়ার আহ্বান জানানোর নির্দেশ কর্মকর্তাদের দিয়েছেন। কিশিদা মঙ্গলবার মধ্য জাপানের বিপর্যয় সামাল দেয়ার লক্ষ্যে গঠিত একটি সরকারি টাস্কফোর্সের উদ্দেশ্যে ভাষণ দেন। তিনি বলেন, কয়েকজন আশ্রয়গ্রহণকারী এই নিয়ে উদ্বিগ্ন যে তারা অন্যত্র সরে গেলে তাদের জীবনযাত্রা কেমন হবে। যারা স্থানান্তরিত হয়েছেন তাদের বস্ত্র, খাবার, বাসস্থান এবং তহবিলের জন্য ক্ষতিগ্রস্ত এলাকায় আশ্রয় গ্রহণকারীদের মতো একইরকম সহায়তা পাওয়া নিশ্চিত করার কথা তিনি কর্মকর্তাদের বলেন। তিনি তাদেরকে স্থানীয় পৌরসভার সাথে কাজ করতে বলেন যাতে তারা সতর্কতার সাথে তা আশ্রয়গ্রহণকারীদের অবহিত করতে পারেন। কিশিদা আরও উল্লেখ করেন যে কিছু আশ্রয়গ্রহণকারী কাজ, স্কুল এবং শিশু যত্ন পরিস্থিতির কারণে অন্যত্র সরে যেতে অনিচ্ছুক।তিনি কর্মকর্তাদের স্পষ্টভাবে ব্যাখ্যা করতে বলেন যে আশ্রয়গ্রহণকারীদের বাচ্চাদের শিশু যত্নের জন্য নিবন্ধিত রাখার পাশাপাশি তাদের নতুন অবস্থানেও যত্ন নেওয়ার প্রক্রিয়া চলমান রয়েছে। চাকরি সুরক্ষারও ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে জানান তিনি।কিশিদা ইঙ্গিত দেন যে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের তাদের জীবনযাত্রা পুনর্গঠন করতে এবং কাজে ফিরে যাওয়ার মতামতকে প্রতিফলিত করা একটি সহায়তা প্যাকেজ চলতি মাসের শেষ নাগাদ সংকলিত করা হবে। তিনি প্রকাশ করেন যে তিনি সংশ্লিষ্ট মন্ত্রী এবং ক্ষতিগ্রস্ত স্থানীয় পৌরসভার প্রধানদের মত বিনিময়ের জন্য অবিলম্বে একটি বৈঠকের আয়োজন করতে চান। (এনএইচকে ওয়েব পেজ: ১৬.০১.২০২৪ রুবাইয়া)

## ডয়চে ভেলে

**ক্রিকেট থেকে দুই বছরের জন্য নিষিদ্ধ নাসির**

দুর্নীতির দায়ে বাংলাদেশের অলরাউন্ডার নাসির হোসেনকে সব ধরনের ক্রিকেট থেকে ছয় মাসের স্থগিত নিষেধাজ্ঞাসহ দুই বছরের জন্য নিষিদ্ধ করেছে আইসিসি। নাসির তার বিরুদ্ধে আমিরাত ক্রিকেট বোর্ডের দুর্নীতিবিরোধী কোড ভঙ্গের তিনটি অভিযোগ মেনে নিয়েছেন বলে জানিয়েছে আইসিসি। নাসিরের বিরুদ্ধে আইসিসি দুর্নীতির অভিযোগ এনেছিল গত সেপ্টেম্বরে। সংযুক্ত আরব আমিরাতের আবুধাবি টি-টেন লিগে ২০২১ সালের আসরের ম্যাচে দুর্নীতির চেষ্টা করা হলেও তা ব্যর্থ হয় বলে জানিয়েছিল আইসিসি। নাসিরসহ আটজনের বিরুদ্ধে অভিযোগ আনা হলেও বাংলাদেশের ৩২

বছর বয়সি অলরাউন্ডারই ছিলেন একমাত্র আন্তর্জাতিক ক্রিকেটার। আজ প্রকাশিত আইসিসির বিজ্ঞপ্তিতে অবশ্য শুধু নাসিরকেই নিষিদ্ধ করার কথা জানানো হয়েছে। সাজাপ্রাপ্ত নাসির হোসেন দুর্নীতিবিরোধী কোডের তিনটি ধারা ভঙ্গের অভিযোগ স্বীকার করে নিয়েছেন বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়। আনুষ্ঠানিক শুনানিতে অংশ না নিয়ে সব অভিযোগ মেনে নেয়া নাসির শাস্তির শর্ত পূরণ করতে পারলে ২০২৫ সালের ৭ এপ্রিল আন্তর্জাতিক ক্রিকেটে ফিরতে পারবেন বলে জানিয়েছে আইসিসি। (ডয়চে ভেলে ওয়েব পেজ : ১৬.১.২৪ রিহাব)

# রেডিও টুডে

## সব ধরনের ক্রিকেট থেকে নাসির হোসেনকে দুই বছরের জন্য নিষিদ্ধ করেছে আইসিসি

বাংলাদেশের ক্রিকেটার নাসির হোসেনকে দুই বছর সব ধরনের ক্রিকেট থেকে নিষিদ্ধ করেছে আন্তর্জাতিক ক্রিকেটের সর্বোচ্চ সংস্থা আইসিসি। এর মধ্যে ছয় মাসের স্থগিত নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। সংযুক্ত আরব আমিরাত ক্রিকেট বোর্ডের দুর্নীতি বিরোধী তিনটি ধারা ভঙ্গ করেছেন বাংলাদেশ জাতীয় দলে খেলা এই ক্রিকেটার। তিনি নিষেধাজ্ঞা কাটিয়ে ২০২৫ সালের ৭ এপ্রিল আন্তর্জাতিক ক্রিকেটে ফিরতে পারবেন। যার অর্থ এরই মধ্যে প্রায় তিন মাসের নিষেধাজ্ঞা কাটিয়ে ফেলেছেন তিনি।

এছাড়া ছয় মাসের স্থগিত নিষেধাজ্ঞার অর্থ হলো, নিষেধাজ্ঞা চলাকালীন বা নিষেধাজ্ঞা শেষের পরবর্তী সময়ে নতুন করে আকসুর কোন ধারা ভঙ্গ করলে স্থগিত নিষেধাজ্ঞা কার্যকর হবে। নাসির ২০২১ সালে পুনে ডেভিলসের হয়ে আরব আমিরাতের টি-১০ লিগ খেলার সময় ইসিবির এই ধারা ভঙ্গ করেছেন। তার বিরুদ্ধে যে তিনটি ধারা ভঙ্গের অভিযোগ আনা হয়েছে তার মধ্যে একটি হলো ইসিবির ২.৪.৩ ধারায় তিনি দুর্নীতি তদন্তের দায়িত্বে থাকা ব্যক্তিকে অন্তত ৭৫০ ইউএস ডলারের উপহার নেওয়ার বিষয়টি জানাতে ব্যর্থ হয়েছেন। ২.৪.৪ ধারায় তার বিরুদ্ধে আনা অভিযোগ হলো, তিনি আইফোন-১২ উপহার হিসেবে নিয়েছেনো যা তদন্তের দায়িত্বে থাকা ব্যক্তিতে জানাতে ব্যর্থ হয়েছেন। এছাড়া ২.৪.৬ ধারায় তিনি তদন্তের দায়িত্বে থাকা ব্যক্তিতে সহযোগিতা করেননি এমন অভিযোগ আনা হয়েছে। আইসিসি তাদের বার্তায় জানিয়েছে, অভিযোগের প্রেক্ষিতে ক্রিকেটার নাসির হোসেন তার বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করে নিয়েছেন এবং সাজা মেনে নিতে সম্মত হয়েছেন। সেজন্য নতুন করে শুনানির দরকার পড়েনি।

(রেডিও টুডে : ২১৪৫ ঘ. ১৬.০১.২০২৪ আসাদ)

## ফিলিস্তিনে হত্যাযজ্ঞ বন্ধের দাবি জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, স্বাধীনতার সংগ্রামে, বিশ্ব জনমত সৃষ্টিতে প্রবাসীরা বিরাট অবদান রাখেন। প্রতিটি আন্দোলন, সংগ্রাম, মুক্তিযুদ্ধে প্রবাসীদের বিরাট অবদান রয়েছে। সেটা ছাড়াও প্রবাসীদের পাঠানো রেমিটেন্স বাংলাদেশের অর্থনীতির মূল চালিকা শক্তি। মঙ্গলবার গণভবনে প্রবাসী আওয়ামী লীগ নেতাকর্মীদের সঙ্গে সৌজন্য বিনিময় অনুষ্ঠানে এসব কথা বলেন সরকার প্রধান। এ সময় ফিলিস্তিনে হত্যাযজ্ঞ বন্ধের দাবি জানিয়ে শেখ হাসিনা বলেন, আমরা যুদ্ধের পক্ষে নই, শান্তির পক্ষে। অস্ত্র প্রতিযোগিতার মতো জঘন্য কাজ নেই। ফিলিস্তিনে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে সহায়তা করা হয়েছে বলেও জানিয়েছেন প্রধানমন্ত্রী।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৬.০১.২৪ এলিনা)

## লাইসেন্সবিহীন হাসপাতাল ক্লিনিক বন্ধের নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী

লাইসেন্সবিহীন হাসপাতাল-ক্লিনিক বন্ধের নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী ডাক্তার সামন্ত লাল সেন। মঙ্গলবার সচিবালয়ে এই নির্দেশ দেন তিনি। মন্ত্রী জানান, নির্দেশনা অমান্য করলে কঠোর ব্যবস্থা নেয়া হবে। এ সময় সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বাস্থ্যমন্ত্রী আরো জানান, শিশু আয়ানের মৃত্যুর ঘটনায় বাড্ডার ইউনাইটেড হাসপাতালের কার্যক্রম বন্ধ করা হয়েছে। ঘটনাটি তদন্ত করা হচ্ছে এবং তদন্ত অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। এর আগে শিশু আয়ানের পরিবার সচিবালয়ের স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৬.০১.২৪ এলিনা)

## মহাসড়কের অবৈধ স্থাপনা অপসারণে কর্তৃপক্ষের নিষ্ক্রিয়তার বিষয়ে রুল জারি করেছেন হাইকোর্ট

নাগরিকদের নিরাপদে চলাচল নিশ্চিত করতে সারাদেশের মহাসড়কে থাকা স্থাপনা, হাট- বাজার, নসিমন, ভটভটি, করিমন জাতীয় যানবাহন অপসারণে কর্তৃপক্ষের নিষ্ক্রিয়তা কেন অবৈধ হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। মঙ্গলবার বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি মোঃ আতাবুল্লাহর হাইকোর্ট বেঞ্চ এই রুল জারি করেন। সড়ক পরিবহন মন্ত্রণালয়ের সচিব, বিআরটিএ কর্তৃপক্ষ এবং হাইওয়ে পুলিশের প্রধানকে চার সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৬.০১.২৪ এলিনা)

## আজ দেশের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৯.৭ ডিগ্রি সেলসিয়াস

আজ মঙ্গলবার দেশের সর্বনিম্ন তাপমাত্রা ৯.৭ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে শ্রীমঙ্গলে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের নিয়মিত বুলেটিনে এই তথ্য জানানো হয়। এছাড়া আবহাওয়া অফিস আজ সকাল ৯ টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার পূর্বাভাসে বলেছে, রাত থেকে কাল সকাল পর্যন্ত সারাদেশে মাঝারি থেকে ঘন কুয়াশা পড়তে পারে এবং তা কোথাও কোথাও দুপুর পর্যন্ত অব্যাহত থাকতে পারে। এদিকে আগামীকাল বুধবার ও বৃহস্পতিবার দেশের বিভিন্ন জায়গায় বৃষ্টি হতে পারে বলে আবহাওয়া অফিসের পূর্বাভাসে বলা হয়েছে।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৬.০১.২৪ এলিনা)

**দূষিত বাতাসের শহরের তালিকায় আজ ঢাকার অবস্থান ছিল দ্বিতীয়**

মাঘের দ্বিতীয় দিনে ঢাকার বাতাসের মান অস্বাস্থ্যকর হিসেবে চিহ্নিত হয়েছে। মঙ্গলবার সকালে বিশ্বের দূষিত বাতাসের শহরের তালিকায় ঢাকার অবস্থান ছিল দ্বিতীয়। সকাল ৮:৫০ মিনিটে একিউআই স্কোর ১৮৪ নিয়ে রাজধানীর বাতাসের মান ছিল অস্বাস্থ্যকর অবস্থায়। ভারতের দিল্লি ও কলকাতা এবং পাকিস্তানের লাহোর তালিকার প্রথম, তৃতীয়, চতুর্থ স্থানে আছে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৬.০১.২৪ এলিনা)

**নির্বাচন বাতিলের চেষ্টা এখনো চলছে : প্রধানমন্ত্রী**

আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অত্যন্ত প্রতিযোগিতামূলক হয়েছে। হারার ভয়ে বিএনপি নির্বাচনে অংশগ্রহণ করেনি। তাদের চক্রান্ত এখনো শেষ হয়নি। প্রধানমন্ত্রী বলেন নির্বাচন বাতিলের চেষ্টা এখনো চলছে। মঙ্গলবার গণভবনে প্রবাসী আওয়ামী লীগ নেতা কর্মীদের সঙ্গে সৌজন্য বিনিময়ে অনুষ্ঠানে এসব কথা বলেন সরকার প্রধান। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৬.০১.২০২৪ আসাদ)

**গাজীপুর থেকে ঢাকা বিমানবন্দর পর্যন্ত বিআরটি প্রকল্প চলতি বছরের জুনে খুলে দেয়া হবে: কাদের**

গাজীপুর থেকে উত্তরা হয়ে ঢাকা বিমানবন্দর পর্যন্ত বাস র‍্যাপিড ট্রানজিট বা বিআরটি প্রকল্প চলতি বছরের জুন মাসে চলাচলের জন্য উন্মুক্ত করে দেওয়ার আশা প্রকাশ করেছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। মঙ্গলবার রাজধানীর বনানী সেতু ভবনে সংবাদ সম্মেলনে তিনি এই মন্তব্য করেন। এ সময় ওবায়দুল কাদের জানান এবছরের জুনের মধ্যে বিআরটি প্রকল্প শেষ হবে। এখন নিচের অংশের আর ভোগান্তি নেই। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে বিএনপি নেতারা এখন মনের সুখের জন্য আবোল-তাবোল কথা বলছেন। জনগণ তাদের কথায় কান দেয় না। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৬.০১.২০২৪ আসাদ)

**পশ্চিমা বিশ্বের সঙ্গে সরকারের সুসম্পর্ক রয়েছে : পররাষ্ট্রমন্ত্রী**

সরকার পতনে বিএনপি'র প্রার্থনা প্রসঙ্গে শকুনের দোয়ায় গরু মরে না বলে মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ। তিনি বলেছেন বিএনপি-জামায়াত দেশকে বিপদে ফেলার জন্য সব সময় চেষ্টা করেছে। তারা আল্লাহর কাছে কী প্রার্থনা করে আমি জানি না। পশ্চিমা বিশ্বের সঙ্গে সরকারের সুসম্পর্ক দাবি করে তিনি বলেন পূর্ব-পশ্চিম সবার সাথে আমাদের সম্পর্ক চমৎকার। মঙ্গলবার সকালে চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৬.০১.২০২৪ আসাদ)

**যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক যথেষ্ট ভালো : ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী**

যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক যথেষ্ট ভালো দাবি করে ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক বলেছেন, আগামী পাঁচ বছর নতুন সরকারের সঙ্গে দেশটির আরও নতুন নতুন বিষয় নিয়ে সম্ভাবনার দ্বারগুলো উন্মোচিত হচ্ছে। বিনিয়োগ, রপ্তানি ও কর্মসংস্থান বাড়ানো হবে। মঙ্গলবার সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের এসব কথা জানান তিনি। এর আগে ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাসের সঙ্গে বৈঠক করেন পলক। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৬.০১.২০২৪ আসাদ)

**২০২৬ সালের মধ্যে দেশে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ করা হবে : নসরুল হামিদ**

২০২৬ সালের মধ্যে দেশে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ থাকবে বলে জানিয়েছেন বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নজরুল হামিদ। মঙ্গলবার দুপুরে সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে সাংবাদিকদের তিনি এ কথা জানান। এছাড়া দেশব্যাপী গ্যাস সংকটের জন্য দুঃখ প্রকাশ করে তিনি এই সংকট সমাধানের জন্য আগামী মার্চ মাস পর্যন্ত সময় চেয়েছেন। এই সময়ের মধ্যে গ্যাস সংকট সমাধান হয়ে যাবে বলে আশ্বাস দেন নসরুল হামিদ। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৬.০১.২০২৪ আসাদ)

**২০২৩ সালে দেশে সড়ক দুর্ঘটনায় ৫,০২৪ জন নিহত হয়েছে : বিআরটিএ**

সদ্যবিদায়ী ২০২৩ সালে ৫,৪৯৫টি সড়ক দুর্ঘটনায় ৫,০২৪ জন নিহত হয়েছে বলে জানিয়েছে বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি বিআরটিএ। একই সঙ্গে গত একবছরে আহত হয়েছেন ৭,৪৯৫ জন। মঙ্গলবার রাজধানীর বনানীতে বিআরটিএ ভবনের প্রধান কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই তথ্য জানান সংস্থাটির চেয়ারম্যান নুর মোহাম্মদ মজুমদার। বিআরটিএ এর বিভাগীয় অফিসের মাধ্যমে সারাদেশ সড়ক দুর্ঘটনার পরিসংখ্যান সংগ্রহ করে সংস্থাটি। এছাড়া শুধু ডিসেম্বর মাসে ৪৮৩ সড়ক দুর্ঘটনায় ৪৩৩ জন নিহত এবং ৬৪১ জন আহত হয়েছেন বলেও জানান তিনি। (রেডিও টুডে ১৮৪৫ ঘ. ১৬.০১.২০২৪ আসাদ)

**তাপমাত্রা ১০ ডিগ্রির নিচে নামলেই প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে : শিক্ষা মন্ত্রণালয়**

চলমান শৈত্য প্রবাহে যেসব জেলার তাপমাত্রা ১০ ডিগ্রির নিচে নামবে সেই সব অঞ্চলে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে। মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের গণসংযোগ কর্মকর্তা আবুল খায়ের সংবাদ মাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন তিনি বলেন পূর্বে ১৭ ডিগ্রি সেলসিয়াস এর নিচে নামলে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের সিদ্ধান্ত নেয়া হয়েছিল। এটি পরিবর্তন করে নতুন সিদ্ধান্ত অনুযায়ী ১০ ডিগ্রি সেলসিয়াসের নিচে তাপমাত্রা নামলে প্রাথমিক ও মাধ্যমিক প্রতিষ্ঠান বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়া হয়েছে। পূর্বের চিঠি পরিবর্তন করে আজকেই নতুন চিঠি দেয়া হবে। (রেডিও টুডে ১৮৪৫ ঘ. ১৬.০১.২০২৪ আসাদ)

**দ্বাদশ সংসদের এমপিদের শপথ সংবিধান অনুযায়ী হয়েছে : এটর্নি জেনারেল**

আগের সংসদ না ভাঙ্গায় দেশে এখন ৬০০ জন এমপি আছে বিএনপিপন্থি আইনজীবী ব্যারিস্টার খোকনের বক্তব্য দুঃখজনক ও ভ্রান্ত ধারণা বলে জানিয়েছেন অ্যাটর্নি জেনারেল এ এম আমিন উদ্দিন। মঙ্গলবার দুপুরে হাইকোর্টে তার দপ্তরে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। অ্যাটর্নি জেনারেল বলেন বিএনপির ওই আইনজীবী এটি ভ্রান্ত ধারণা থেকে বলেছেন। এমপিদের শপথ সংবিধান অনুযায়ী হয়েছে। (রেডিও টুডে ১৮৪৫ ঘ. ১৬.০১.২০২৪ আসাদ)

**সাভারে অন্যায়ভাবে চাকরিচ্যুত করার অভিযোগে একটি কারখানার শ্রমিকরা কর্মবিরতি ও বিক্ষোভ**

ঢাকার সাভারে শ্রমিকদের অন্যায় ভাবে চাকরিচ্যুত করার অভিযোগে কর্মবিরতি ও বিক্ষোভ করেছে একটি পোশাক কারখানার অন্তত পাঁচ শতাধিক শ্রমিক। আজ মঙ্গলবার সকাল ৯ টা থেকে ঢাকা-আরিচা মহাসড়ক সংলগ্ন সাভারের উলাইল এলাকায় আনলিমা টেক্সটাইল লিমিটেডের শ্রমিকরা কারখানাটিতে কাজ বন্ধ রেখে কারখানার ভিতরে অবস্থান নিয়ে বিক্ষোভ শুরু করেন। শ্রমিকদের অভিযোগ কারখানা কর্তৃপক্ষ গত কিছুদিন যাবত অন্যায় ভাবে কারখানাটির শ্রমিকদের চাকরিচ্যুত করে আসছে। পাশাপাশি শ্রমিকদের ন্যায্য পাওনা সার্ভিস এবং ছুটির টাকাও পরিশোধ করা হচ্ছে না। বিকাল ৪:০০ টা পর্যন্ত কারখানা চত্বরের ভিতরে অবস্থান করছিল বলে জানা গেছে।
(রেডিও টুডে ১৮৪৫ ঘ. ১৬.০১.২০২৪ আসাদ)

## জাগো এফএম

**অস্ত্র প্রতিযোগিতার মতো জঘন্য কাজ নেই : প্রধানমন্ত্রী**

অস্ত্র প্রতিযোগিতার মতো জঘন্য কাজ নেই বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ মঙ্গলবার গণভবনে প্রবাসী আওয়ামী লীগ নেতাদের সঙ্গে সৌজন্য বিনিময় অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন। ফিলিস্তিনে হত্যাযজ্ঞ বন্ধের দাবি জানিয়ে তিনি বলেন, 'আমরা এই গণহত্যার নিন্দা জানিয়েছি। আমরা যুদ্ধের পক্ষে না, শান্তির পক্ষে। শান্তিপূর্ণ পরিবেশ না থাকলে উন্নতি হয় না। অস্ত্র প্রতিযোগিতার মতো জঘন্য কাজ নেই। অস্ত্রের টাকা মানবকল্যাণে, শিশু বিকাশে ব্যয় হোক।' ফিলিস্তিনে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে সহায়তা দেওয়া হয়েছে এবং আরো দেওয়া হবে বলেও জানিয়েছেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী বলেন, 'আওয়ামী লীগ প্রমাণ করেছে, সরকার জনগণের সেবক। আমি প্রধানমন্ত্রী হিসেবে নয়, সেবক হিসেবে কাজ করে দেশকে এগিয়ে নিয়ে এসেছি। টানা ১৫ বছর ক্ষমতায় থাকায় খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়েছে। মানুষ এখন ভবিষ্যতের স্বপ্ন দেখে।' তিনি বলেন, 'বিএনপি লিফলেট বিতরণ করেছে, মানুষ যেন ভোট না দেয়। কিন্তু ঘটনা উল্টো ঘটলো। মানুষ ধরে নিলো ভোট দিতেই হবে। একটা সুষ্ঠু নির্বাচনে তারা ভোট দিয়েছে।' বিএনপির কঠোর সমালোচনা করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, 'অন্ধকার পথে বিএনপি। তারা আলো ঝলমল নির্বাচন বাদ দিয়ে অন্ধকারের গলিপথ খুঁজে। তারা জানে মানুষ হত্যা ও অগ্নিসংযোগ। এর চেয়ে ভালো কিছু জানা নেই তাদের। তবে ভোটে জনগণের বিজয় হয়েছে।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ১৬.০১.২০২৪ প্রতীক)

**মনের শান্তির জন্য আবোল-তাবোল কথা বলছে বিএনপি : সেতুমন্ত্রী**

নিজেদের মনের শান্তির জন্য বিএনপি নেতারা আবোল-তাবোল কথা বলছেন বলে মন্তব্য করেছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। আজ মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় সেতু ভবনের সভাকক্ষে সেতু বিভাগের কর্মকর্তাদের সঙ্গে মত বিনিময় শেষে ব্রিফিংকালে তিনি এ কথা বলেন। বিএনপি বলছে, নির্বাচনের পর আওয়ামী লীগের তৃণমূলের নেতারা ভয়ে আছে। এ বিষয়ে ওবায়দুল কাদের বলেন, 'তারা ইলেকশন করতে দেবে না বলেছিল, তারপরও নির্বাচন হয়েছে। তারা ভয়ের কোনো কারণ না। তারা আতঙ্ক সৃষ্টি করে গুপ্তহত্যা, গুপ্ত আক্রমণ, অগ্নিসন্ত্রাস করছে। ট্রেনে আগুন দিয়ে কীভাবে তারা মা-সন্তানকে পুড়িয়ে মারলো। বাসে হেলপারদের মারলো, পুলিশ পিটিয়ে মারলো। এমন অপকর্ম যারা করে তারা কে কী বললো, সেটা আমরা কিছু মনে করি না। কাদের বলেন, তারা বলেছিল ইলেকশন করতে দেবে না, আমরা স্বাচ্ছন্দ্যে ইলেকশন করেছি। কিছু ঘটনা, সহিংসতা হয়েছে। কিন্তু বিএনপি যেটা ভেবেছিল, সেরকম কিছু আসলে হয়নি। নির্বাচনে ভোটের হার ৪১ দশমিক ৮০। অথচ তাদের দাবি জনগণ সাড়া দিয়েছে। কিন্তু জনগণ তাদের কথায় কান দেয়নি। কেউই মাথা ঘামায়নি। সেজন্য তারা নিজেদের মনের শান্তির জন্য আবোল-তাবোল কথা বলছে।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ১৬.০১.২০২৪ প্রতীক)

**চলতি বছর এক কোটি ২৫ লাখ মানুষ পাবে করোনা টিকার চতুর্থ ডোজ : স্বাস্থ্যমন্ত্রী**

করোনা সংক্রমণ বেড়ে যাওয়ায় ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে জনসমাগম এড়িয়ে চলার পাশাপাশি সবাইকে মাস্ক ব্যবহারের অনুরোধ জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। তিনি আরো জানিয়েছেন, চলতি বছর এক কোটি ২৫ লাখ মানুষকে করোনা টিকার চতুর্থ ডোজ দেওয়ার লক্ষ্যমাত্রা ঠিক করা হয়েছে। আজ মঙ্গলবার সচিবালয়ে স্বাস্থ্য বিষয়ক সাংবাদিকদের সংগঠন হেলথ রিপোর্টার্স ফোরামের সঙ্গে আয়োজিত মত বিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সভায় ভারতসহ কয়েকটি দেশে করোনার নতুন ধরন শনাক্ত ও সংক্রমণ বাড়ার বিষয়ে উদ্বেগ প্রকাশ করেন স্বাস্থ্যমন্ত্রী। তিনি বলেন, 'করোনা বেড়ে যাওয়ায় ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে জনসমাগম এড়িয়ে চলতে হবে। সবাইকে মাস্ক ব্যবহার করতে হবে। করোনার নতুন সংক্রমণ প্রতিরোধে এবছর এক কোটি ২৫ লাখ মানুষকে করোনা টিকার চতুর্থ ডোজ দেওয়ার লক্ষ্যমাত্রা ঠিক করা হয়েছে। আর দুই বছরে আড়াই কোটি মানুষকে চতুর্থ ডোজ দেওয়া হবে।' এর আগে সচিবালয়ে

নিজ দফতরের সামনে তিনি সাংবাদিকদের বলেন, 'লাইসেন্স ছাড়া হাসপাতাল-ডায়াগনস্টিক সেন্টার, ক্লিনিকগুলো নিজেদেরই বন্ধ করতে হবে। নাহলে কঠিন পদক্ষেপ নেবে মন্ত্রণালয়।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ১৬.০১.২০২৪ প্রতীক)

**পাট ও পাটজাত পণ্যের রফতানি আয় ঈর্ষণীয় পর্যায়ে নিয়ে যেতে উদ্যোগ গ্রহণ করবে সরকার**

বস্ত্র ও পাটমন্ত্রী জাহাঙ্গীর কবির নানক বলেছেন, 'পাট ও পাটজাত পণ্যের রফতানি আয় ঈর্ষণীয় পর্যায়ে নিয়ে যেতে উদ্যোগ গ্রহণ করবে সরকার। আজ মঙ্গলবার রাজধানীর কারওয়ান বাজারে বাংলাদেশ টেক্সটাইল মিলস কর্পোরেশন কর্মকর্তাদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে একথা বলেন মন্ত্রী। তিনি বলেন, 'পাট শিল্প নিয়ে আমরা ভাবছি, সমস্যাগুলো জানার চেষ্টা করছি। এ শিল্পকে আগের অবস্থায় নিয়ে যাওয়া হবে। ফিরিয়ে দেওয়া হবে পাটের সোনালি অতীত।' বস্ত্র ও পাট মন্ত্রী বলেন, সরকার পাটকে আবার তার ঐতিহ্যের জায়গায় ফিরিয়ে আনতে চায়। এজন্য প্রধানমন্ত্রী সর্বাত্মক চেষ্টা করবেন, এরই মধ্যে মন্ত্রিসভায়ও প্রধানমন্ত্রী পাট শিল্পের বিষয়টি এনেছেন।' তিনি আরো বলেন, 'পাট শিল্পে অনেক সমস্যা রয়েছে, জানার ও বোঝার চেষ্টা করছি। এর সমস্যা সমাধানে কৃষকদের সঙ্গে কথা বলার উদ্যাগ নেওয়া হবে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৬.০১.২০২৪ প্রতীক)

**উন্নয়নের মূলধারায় প্রান্তিক জনগোষ্ঠীকে সম্পৃক্ত করতে হবে : সমাজকল্যাণমন্ত্রী**

উন্নয়নের মূলধারায় প্রান্তিক জনগোষ্ঠীকে সম্পৃক্ত করতে হবে বলে জানিয়েছেন সমাজকল্যাণমন্ত্রী ডা. দীপু মনি। আজ মঙ্গলবার মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয় ও দফতর-সংস্থার কর্মকর্তাদের সঙ্গে মত বিনিময়কালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, 'বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ নানা কারণে সমাজে প্রান্তিক হিসেবে চিহ্নিত হন। আর্থিক কারণ ছাড়াও শারীরিক, মানসিক, সামাজিক, পারিবারিক ও ভৌগলিক নানা কারণে মানুষ প্রান্তিক জীবনযাপন করেন, তাদের সংখ্যা অনেক। তাদের জীবনমান উন্নয়নে চলমান কর্মসূচির পাশাপাশি প্রয়োজনে আরো নতুন পদক্ষেপ নেওয়া হবে।' দীপু মনি বলেন, 'বঙ্গবন্ধুর স্বপ্নের বৈষম্যহীন সমাজ ও রাষ্ট্র গঠনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অঙ্গীকার, তার ঘোষিত স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে সমাজকল্যাণ মন্ত্রণালয় কাজ করছে। স্মার্ট বাংলাদেশের অন্যতম স্তম্ভ স্মার্ট নাগরিক গড়তে এবং একই সঙ্গে সমাজের পিছিয়ে পড়া মানুষদের উন্নয়নের মূল ধারায় সম্পৃক্ত করতে কাজ করতে হবে সবাইকে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৬.০১.২০২৪ প্রতীক)

**২০২৬ সালের মধ্যে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী**

২০২৬ সালের মধ্যে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। আজ মঙ্গলবার সচিবালয়ে বিদ্যুৎ ও জ্বালানি খাতের অগ্রগতি, সম্ভাবনা ও চ্যালেঞ্জ নিয়ে সাংবাদিকদের সঙ্গে মত বিনিময়কালে এ কথা বলেন প্রতিমন্ত্রী। নসরুল হামিদ বলেন, ‘আমরা নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহের একটা টাইমলাইন ঠিক করে ফেলেছি। ২০২৬ সালের মধ্যে বাংলাদেশে নিরবচ্ছিন গ্যাস সাপ্লাই থাকবে। আমরা যেভাবে বিদ্যুতে করেছি, গ্যাসের ব্যাপারেও সেই পরিকল্পনা নিয়ে কাজ করছি।’ প্রতিমন্ত্রী বলেন, ‘এখন আমরা মাত্র ২০ শতাংশ গ্যাস বিদেশ থেকে আমদানি করি। আমরা ৮০ শতাংশ নিজস্ব গ্যাস ব্যবহার করছি। আমাদের আমদানির গ্যাস থাকবে। মাঝখানে যে গ্যাপটা থাকবে সেই গ্যাপটা আমদানির গ্যাস দিয়ে পূরণ করতে চাই।’ নসরুল হামিদ বলেন, ‘ভোলাতে যে পরিমাণ গ্যাস পাওয়া যাচ্ছে, পরবর্তী সময়ে যদি গভীর সমুদ্রে গ্যাস পাওয়া যায়, আমরা মনে করি একটা ভালো অবস্থায় জ্বালানি বিভাগ থাকবে।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ১৬.০১.২০২৪ প্রতীক)

**আমেরিকার সঙ্গে নতুন বিষয়ে সম্ভাবনার দ্বার উন্মোচন হচ্ছে : তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী**

বাংলাদেশের সঙ্গে আমেরিকার সম্পর্ক যথেষ্ট ভালো রয়েছে উল্লেখ করে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, 'আগামী পাঁচ বছর নতুন সরকারের সঙ্গে আরো নতুন নতুন বিষয় নিয়ে সম্ভাবনার দ্বার উন্মোচন হচ্ছে।' আজ মঙ্গলবার সচিবালয়ে পলকের সঙ্গে বৈঠক করেন মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস। বৈঠক শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ কথা বলেন পলক। আজকের বৈঠক সম্পর্কে সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী বলেন, 'আমার কাছে ব্যক্তিগতভাবে সেটাই মনে হয়েছে যে, বাংলাদেশের ব্যাপারে বিশ্বের অন্যান্য দেশগুলো খুব আগ্রহী এবং আমেরিকার রাষ্ট্রদূত পিটার হাস, উনার যে বিভিন্ন বিষয়ে কথা এবং আলোচনার বিষয় বস্তু, এগুলো থেকে আমার কাছে মনে হয়েছে যে, বাংলাদেশের সঙ্গে আমেরিকার ভবিষ্যতে যে বাণিজ্যিক সম্পর্ক এবং সম্ভাবনার সম্পর্ক এটা আরো বেশি সম্প্রসারিত হবে, আরও ঘনিষ্ঠ হবে। আগামী ২০৪১ সালে প্রধানমন্ত্রীর যে স্মার্ট বাংলাদেশ রূপকল্প সেটি পূরণের জন্য আমরা সবার সঙ্গে বন্ধুত্বের যে হাত বাড়িয়েছি সেখানে আমেরিকার বন্ধুত্ব আরো সুদৃঢ় হবে এবং আমরা এক সঙ্গে কাজ করবো দুই দেশের জনগণের জন্য, সারা বিশ্বের জন্য। আমার কাছে আজকের বৈঠক থেকে এটাই মনে হয়েছে। (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৬.০১.২০২৪ প্রতীক)

**২০২৩ সালে সড়কে ঝরেছে ৫০২৪ প্রাণ : বিআরটিএ**

গেল ২০২৩ সালে সারাদেশে ৫ হাজার ৪৯৫ সড়ক দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন ৫ হাজার ২৪ জন। এর মধ্যে শুধু ডিসেম্বরেই ৪৮৩ সড়ক দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন ৬৪১ জন। আজ মঙ্গলবার দুপুরে বনানীতে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, বিআরটিএ এর কার্যালয়ে সংবাদ সম্মেলনে এ তথ্য জানান সংস্থাটির চেয়ারম্যান নুর মোহাম্মদ মজুমদার। সড়ক দুর্ঘটনার তথ্য প্রকাশ সংক্রান্ত এ সংবাদ সম্মেলনের আয়োজন করে বিআরটিএ। বিআরটিএ

চেয়ারম্যান জানান, 'গত ডিসেম্বরে ৪৮৩টি সড়ক দুর্ঘটনার মধ্যে সবচেয়ে বেশি নিহত হয়েছেন ঢাকা বিভাগে। এ বিভাগে নিহতের সংখ্যা ৮৮ জন। চট্টগ্রাম বিভাগে নিহতের সংখ্যা ৭৯ জন, রাজশাহী বিভাগে ৬৩ জন, খুলনা বিভাগে ৪৯ জন, বরিশালে ২৮ জন, সিলেটে ২৪ জন, রংপুরে ৫৪ জন, ময়মনসিংহে ৪৮ জন। সবচেয়ে বেশি নিহত হয়েছে মোটরসাইকেল দুর্ঘটনায় যা শতকরা ২৫ দশমিক ৩৯ শতাংশ।' তিনি জানান, '২০২৩ সালে বিআরটিএ এর রিপোর্ট অনুযায়ী ৫ হাজার ৪৯৫টি সড়ক দুর্ঘটনায় ৫ হাজার ২৪ জন, বাংলাদেশ পুলিশের রিপোর্ট অনুযায়ী ৫ হাজার ৯৩ সড়ক দুর্ঘটনায় ৪ হাজার ৪৭৫ জন, রোড সেফটি ফাউন্ডেশনের রিপোর্ট অনুযায়ী ৬ হাজার ৯১১ সড়ক দুর্ঘটনায় ৬ হাজার ৫২৪ জন এবং বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতির রিপোর্ট অনুযায়ী ৬ হাজার ২৬১ সড়ক দুর্ঘটনায় ৭ হাজার ৯০২ জন নিহত হয়েছেন।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৬.০১.২০২৪ প্রতীক)

**চলতি বছরই শেষ হবে এলিভেটেড এক্সপ্রেসওয়ের নির্মাণ : ওবায়দুল কাদের**

চলতি বছরের মধ্যেই ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের নির্মাণকাজ সমাপ্ত হবে বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। আজ মঙ্গলবার দুপুরে রাজধানীর বনানীতে সেতু ভবনে এক ব্রিফিংয়ে এ কথা জানান তিনি। ওবায়দুল কাদের বলেন, 'ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের নির্মাণকাজ ৫০ শতাংশ সম্পন্ন হয়েছে। বিমানবন্দর থেকে ফার্মগেট পর্যন্ত অংশে যান চলাচল শুরু হয়েছে। চট্টগ্রাম মহাসড়কের কুতুবখালী পর্যন্ত বাকি অংশের কাজ ২০২৪ সালের মধ্যেই সম্পন্ন করা হবে।' সেতুমন্ত্রী জানান, 'পদ্মা সেতুতে দৈনিক ২ কোটি টাকা টোল আদায় হচ্ছে এবং পদ্মা সেতুতে যানবাহন থেকে এ পর্যন্ত টোল আদায় হয়েছে ১ হাজার ২৫২ কোটি টাকা।' চলতি বছরে জুনের মধ্যেই গাজীপুরে বিআরটিএ প্রকল্পের কাজ সমাপ্ত হবে বলেও আশা প্রকাশ করেন তিনি। এর আগে সকালে সেতু ভবনে কর্মকর্তাদের সঙ্গে মত বিনিময় করেন এবং বিভিন্ন প্রকল্পের অগ্রগতির খোঁজখবর নেন সেতুমন্ত্রী। (জাগো এফএম : ১৯০০ ঘ. ১৬.০১.২০২৪ প্রতীক)

**সবকিছুতে ফেল করে বিএনপি এখন উল্টো বলছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

সবকিছুতে ফেল করে বিএনপি এখন উল্টো কথা বলছে বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। আজ মঙ্গলবার সচিবালয়ে নিজ দফতরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মন্ত্রী এ কথা বলেন। এর আগে মন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা। ধারণা ছিল নির্বাচনের পর বিদেশিদের সম্পর্কে ভাটা পড়বে। আপনার কী মনে হচ্ছে, এ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'আমরা চাপে পড়বো কেন, আমাদের দেশ স্বাধীন দেশ। বঙ্গবন্ধুর নীতি 'সবার সঙ্গে বন্ধুত্ব, কারো সঙ্গে শত্রুতা নয়' আমরা ফলো করছি। আমরা মনে করি সবাই আমাদের বন্ধু। কেউ যদি অন্য কিছু মনে করেন সেটা সম্পর্কে আমাদের কিছু বলার নেই।' বিএনপি বলেছে আওয়ামী লীগ বিদেশিদের ওপর ভর করে ক্ষমতায় এসেছে, এ বিষয়ে আসাদুজ্জামান খান বলেন, 'আপনারা দেখেছেন তারা বিদেশিদের দ্বারে দ্বারে ঘুরেছেন, স্যাংশন দিয়ে ফেললো, কত কিছু করে ফেললো। সবকিছুতে ফেল করে তারা এখন উল্টো কথা বলছেন। তারা কত কিছু করলো, আমাদের নিয়ে কত কিছু করার জন্য কত দেশের হাতে পায়ে ধরলো।' সামনে কী চ্যালেঞ্জ রয়েছে, জানতে চাইলে মন্ত্রী বলেন, 'আমার কাছে কোনো চ্যালেঞ্জ নেই। আমি মনে করি প্রধানমন্ত্রীর নেতৃত্বে দেশ সুন্দরভাবে এগিয়ে চলছে। এটি কন্টিনিউ হবে।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ১৬.০১.২০২৪ প্রতীক)

**পূর্ব-পশ্চিম সবার সঙ্গে বাংলাদেশের সম্পর্ক চমৎকার : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, 'বিএনপি-জামায়াত দেশকে বিপদে ফেলার চেষ্টা করছে, তাদের অশুভ কামনায় কোনো কিছু অশুভ হবে না, পূর্ব-পশ্চিম সবার সঙ্গে সম্পর্ক চমৎকার।' আজ মঙ্গলবার সকালে চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে ড. হাছান মাহমুদ এসব কথা বলেন। এসময় চট্টগ্রাম মহানগর, উত্তর ও দক্ষিণ জেলা আওয়ামী লীগের নেতারা বিমানবন্দরের বাইরে পররাষ্ট্রমন্ত্রীকে ফুলেল সংবর্ধনা জানান। পররাষ্ট্রমন্ত্রী সাংবাদিকদের বলেন, 'এবারের নির্বাচন যে আন্তর্জাতিকভাবে মানুষের মনোযোগ আকর্ষণ করেছে এবং আন্তর্জাতিক সম্প্রদায় যে গ্রহণ করেছে, সেটির প্রমাণ হচ্ছে বহু নির্বাচনি পর্যবেক্ষক বাংলাদেশে এসেছে। মার্কিন যুক্তরাষ্ট্রের এনডিআই, আইআরআই, ইউরোপীয় ইউনিয়ন, সার্ক, ওআইসি ও কমনওয়েলথভুক্ত দেশগুলোর পর্যবেক্ষক থেকে শুরু করে অন্যান্য বিভিন্ন সংস্থার পর্যবেক্ষকরা বাংলাদেশে এসেছে। তারা সবাই একযোগে মত প্রকাশ করেছে, বাংলাদেশে একটি সুষ্ঠু ও সুন্দর নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এই নির্বাচনে অন্যান্য নির্বাচনের তুলনায় অপেক্ষাকৃত কম সহিংসতা হয়েছে। এটাই সবচেয়ে বড় ব্যাপার।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ১৬.০১.২০২৪ প্রতীক)

**পরিবেশের বিষয়ে ছাড়পত্র প্রদান সহজ হবে : পরিবেশমন্ত্রী**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী সাবের হোসেন চৌধুরী বলেছেন, জনগণের ভোগান্তি কমাতে পরিবেশগত ছাড়পত্র প্রদান পদ্ধতির সহজীকরণ করা হবে। জনগণ যাতে সঠিকভাবে যথাসময়ে এ সংক্রান্ত সেবা পেতে পারে তার প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হবে। মন্ত্রী এসময় সেবা প্রদানের মানসিকতা নিয়ে নিয়মতান্ত্রিকভাবে পরিবেশগত ছাড়পত্র প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ দেন। তিনি বলেন, 'ছাড়পত্র প্রদানে কোনো অনিয়ম সহ্য করা হবে না।' আজ মঙ্গলবার সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে পরিবেশগত ছাড়পত্র প্রদান প্রক্রিয়া বিষয়ে মন্ত্রণালয় ও পরিবেশ অধিদফতরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে অনুষ্ঠিত সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। পরিবেশমন্ত্রী বলেন, 'জনস্বাস্থ্য সুরক্ষায় বায়ু দূষণের বিরুদ্ধে কার্যকরী ব্যবস্থা নেওয়া হবে। এ লক্ষ্যে বায়ু

দূষণকারী ইটভাটাগুলোর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।' তিনি বলেন, 'ঢাকা শহরের বায়ু দূষণ নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার সঙ্গে সমন্বয় করে কাজ করা হবে। বায়ু দূষণের জন্য দায়ী অন্যান্য বিষয় বিজ্ঞান ভিত্তিকভাবে নিয়ন্ত্রণ করা হবে।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ১৬.০১.২০২৪ প্রতীক)

**সংরক্ষিত নারী আসনের ভোট হতে পারে ফেব্রুয়ারিতে : অশোক কুমার দেবনাথ**

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে সংরক্ষিত ৫০টি নারী আসনের ভোট ফেব্রুয়ারির প্রথম সপ্তাহে হতে পারে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনের অতিরিক্ত সচিব অশোক কুমার দেবনাথ। আজ মঙ্গলবার বিকেলে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনের নিজ কার্যালয়ে গণমাধ্যমের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। তিনি জানান, 'সংরক্ষিত নারী আসনের ভোটের বিষয়টি চূড়ান্ত হবে কমিশন সভার মাধ্যমে।' অশোক কুমার বলেন, 'সংসদ সদস্য যারা ভোটার তাদের তালিকা পেয়েছি। সেটার খসড়া তালিকা প্রকাশ করা হবে। খসড়া তালিকায় কারো আপত্তি না থাকলে আমরা সেটা চূড়ান্ত ভোটার হিসেবে ২৯৯ জন সংসদ সদস্যকে ঘোষণা করবো।' তিনি আরো বলেন, 'সংসদ থেকে খসড়া তালিকা প্রকাশ হবে, সে তালিকায় কোনো আপত্তি না থাকলে আগামী সপ্তাহে সেটা নির্বাচন কমিশনে উঠবে। কমিশনের অনুমোদন পাওয়ার পর সংরক্ষিত নারী আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে। জানুয়ারি মাসে হওয়ার সম্ভাবনা কম, ফেব্রুয়ারি মাসে সংরক্ষিত নারী আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ১৬.০১.২০২৪ প্রতীক)

## BBC

**US CONDEMNS IRAN FOR RECKLESS STRIKES ON IRAQ**

The US has condemned Iran over ballistic missile attacks near Iraq's northern city of Irbil, calling them "a reckless and imprecise set of strikes". Iran's Revolutionary Guards said they struck what they claimed were Israeli "spy headquarters" in Iraq's semi-autonomous Kurdistan Region. Four people were killed and six wounded in Monday's attack, according to the Kurdistan Region Security Council. Iraq denounced the attacks, calling them a violation of its sovereignty. Israel's government has not commented on the Iranian claims. (BBC Web Page: 16/01/24, FARUK)

**NORTH KOREA'S KIM BRANDS SOUTH HIS 'PRIMARY FOE'**

North Korean leader Kim Jong Un has said unification with the South is no longer possible, and that the constitution should be charged to designate it the principal enemy. Mr Kim also said three organizations dealing with reunification would shut down, state media KCNA reported. South Korea's president said it would respond multiple times stronger to any provocation from the North. The two Koreas have been divided since the Korean War ended in 1953. They did not sign a peace treaty and therefore have remained technically still at war ever since. (BBC Web Page: 16/01/24, FARUK)

**NZ MP RESIGNS FOLLOWING SHOPLIFTING ALLEGATIONS**

A New Zealand MP has resigned following multiple allegations of shoplifting, which police are investigating. Golriz Ghahraman, of the Green Party, is alleged to have stolen three times from two clothing stores - one in Auckland and the other in Wellington. The former UN human rights lawyer made history in 2017 as the first refugee in the country's government. She once held her party's justice portfolio. Work-related stress made her behave completely out of character, she said. (BBC Web Page: 16/01/24, FARUK)

**HOUTHI MISSILE HITS US-OWNED CARGO SHIP OFF YEMEN**

Houthi rebels have hit a US-owned cargo ship with a ballistic missile off the coast of Yemen, the US says. The vessel, Gibraltar Eagle, reported "no injuries or significant damage", according to the United States military command for the Middle East (Centcom). The Marshall Islands-flagged vessel is continuing on its journey in the Gulf of Aden. Iranian-backed Houthis have been attacking ships since November, in protest at Israel's war against Hamas. Shipping company Eagle Bulk Shipping said the bulk carrier was carrying steel products and was about 160km offshore in the Gulf of Aden when it was hit.
(BBC Web Page: 16/01/24, FARUK)

**HAMAS VIDEO CLAIMS TO SHOW DEAD ISRAELI HOSTAGES**

Hamas has issued a new video purporting to show the bodies of two Israeli hostages, with the militants claiming that they died in air strikes on Gaza. It comes a day after Hamas released another video of the hostages when they were alive, but warning they could die if Israel continued its bombardment. Israel denied they were killed by strikes. Its defence minister accused the militants of psychological abuse. He added that military pressure was essential to release more hostages. The video released on Monday shows a woman named as Noa Argamani, speaking under duress and saying that two men with whom she had been held had been killed in captivity. (BBC Web Page: 16/01/24, FARUK)

**GREEK SHIP HIT BY MISSILE IN RED SEA: REPORTS**

A Malta-flagged, Greek-owned vessel has been hit with a missile in the Red Sea off the coast of Yemen, maritime security firm Ambrey has said. It is thought to be the third incident involving the bulk carrier, believed to be named Zografia, in 24 hours. Tuesday's incident comes as the US military announced it had seized Iranian-supplied weapons bound for the Houthis during an operation last week. Meanwhile, the US has hit more targets in Houthi-controlled areas of Yemen. An official told CBS, the BBC's American partner, that the US conducted further strikes on Houthi positions overnight. (BBC Web Page: 16/01/24, FARUK)

**MINISTERS TO DRAFT 150 JUDGES FOR RWANDA APPEALS**

Plans to draft 150 judges to run a new fast-track appeals system for Rwanda deportations have been unveiled. More than 100 staff have already been hired to support a new system hearing appeals against deportation orders, the justice secretary said. Last year's illegal Migration Act proposed the new courts to stop migrant appeals clogging up the justice system. It comes as MPs begin debate on a bill aimed at reviving the PM's plan to send some asylum seekers to Rwanda. Meanwhile, MPs have begun debating proposed changes to the Safety of Rwanda Bill in the Commons. (BBC Web Page: 16/01/24, FARUK)

**AT LEAST EIGHT DIE AFTER BOAT CAPSIZES IN NIGERIA**

At least eight people have died and dozens are still missing after a boat capsized in a river in Nigeria's north-central Niger state, the emergency services have said. The victims are residents of Dugga village, who were travelling on Monday to neighbouring Kebbi state on business to sell grain and sugar cane. According to the Niger state Emergency management agency (Sema), the accident left eight people dead and dozens are still missing. Sema spokesperson Ibrahim Hussaini told the BBC that five women and three men had died.
(BBC Web Page: 16/01/24, FARUK)

**DR CONGO SOLDIER KILLED IN BORDER SHOOT-OUT: RWANDA**

Rwanda's ministry of defence says three soldiers from neighbouring Democratic Republic of Congo crossed the border overnight. It says one was shot dead after firing at a military patrol and two were arrested. A statement said the Congolese soldiers had an assault rifle and sachets of cannabis. A DR Congo security source confirmed to AFP news agency that there had been an incident but said it wasn't clear if they were Congolese soldiers or members of a militia. Relations between the two nations are extremely strained as both accuse each other of backing rebel groups which threaten their nation's stability.
(BBC Web Page: 16/01/24, FARUK)

**ABOUT 225 DIE OF STARVATION IN TIGRAY: OFFICIALS**

About 225 people - including children - have died of starvation in Ethiopia's drought-hit and war-scarred Tigray region since last July, local officials have said. Almost all the deaths - 209 - have been recorded in the rural area of Edga Arbi, health officials have been quoted by regional TV as saying. In another area, 16 people, displaced by a brutal two-year civil war which ended in 2022, have lost their lives due to hunger, the officials added. Tigray officials had previously warned that a famine similar to the one Ethiopia witnessed in the mid-80s, when hundreds-thousands of children and adults died, could be on the horizon.
(BBC Web Page: 16/01/24, FARUK)

**::THE END::**